

‘রাশিয়া কখনো পিছু হটবে না’, নতুন বছরের ভাষণে পুতিন

সারে-জমিন



মাদ্রাসা শিক্ষা ব্যবস্থাকে পঙ্গু করা হচ্ছে: নওসাদ

রূপসী বাংলা



গাজা যুদ্ধ বিশ্বকে যেদিকে নিয়ে যাচ্ছে

সম্পাদকীয়



জিমেইলে স্প্যাম মেসেজ সমস্যা দূর করবে এআই

টেক স্যাভি



ওয়ানডে থেকে অবসরের ঘোষণা ওয়ার্নারের

খেলতে খেলতে


# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

মঙ্গলবার
২ জানুয়ারি, ২০২৪
১৬ পৌষ ১৪৩০
১৯ জমাদিউস সানি, ১৪৪৫ হিজরি

সম্পাদক
জাইদুল হক

Vol.: 19 ■ Issue: 02 ■ Daily APONZONE ■ 2 January 2024 ■ Tuesday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 8 ■ www.aponzonepatrika.com/epaper.php


**প্রথম নজর**

## বিহারে দলিত মহিলাকে প্রহার পুলিশের, ভিডিও ভাইরাল



**আপনজন ডেস্ক:** বিহারের সীতামারি জেলায় এক দলিত মহিলাকে প্রকাশ্যে এক পুলিশ অফিসারের হাতে নৃশংসভাবে পেটানোর একটি ভিডিও সোমবার সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ইউনিফর্ম পরা পুলিশ ইন্সপেক্টরকে সীতামারি জেলার সুরসান্দ থানার অন্তর্গত রাস্তায় মহিলাকে লাঞ্ছিত করতে দেখা গেছে। ব্লক সদরের মার্কেটের রাস্তায় অন্য এক মহিলার সঙ্গে ঝগড়ায় জড়িয়ে পড়েন ওই মহিলা। অপহরণের মামলায় দুই নারীর মধ্যে ঝগড়া শুরু হয়। পুলিশ অফিসার রাজকিশোর সিং ঘটনাটি জানতে পেরে ঘটনাস্থলে ছুটে যান এবং লাঠি দিয়ে মহিলাকে মারধর করেন। পুলিশি অভিযানে ওই মহিলা আহত হন। পুলিশ অফিসারের এই পদক্ষেপে স্থানীয় কিছু বাসিন্দা ক্ষুব্ধ হয়ে রেকর্ড করা ভিডিও সোশ্যাল মিডিয়ায় আপলোড করলে তা ভাইরাল হয়।

# অশুভ শক্তিকে প্রতিহত করার আহ্বান মমতার

**আপনজন ডেস্ক:** পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সোমবার দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে তৃণমূল কর্মীদের অভিনন্দন জানিয়েছেন এবং যে কোনও অশুভ শক্তিকে প্রতিহত করতে এবং জনগণের গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য চলমান সংগ্রামে অবিচল থাকার দৃঢ় অঙ্গীকারের উপর জোর দিয়েছেন।
১৯৯৮ সালের ১ জানুয়ারি তৃণমূল গঠনের তাৎপর্য তুলে ধরে মমতা বন্দ্যোপাধ্যায় মাতৃভূমিকে সম্মান জানানো, রাষ্ট্রীয় স্বার্থ সমুন্নত রাখা এবং জনগণের গণতান্ত্রিক অধিকার রক্ষায় দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে দলের প্রতিষ্ঠাকে তুলে ধরেন। “আমি আমাদের দলের প্রতিটি কর্মী ও সমর্থকের নিষ্ঠা এবং আত্মত্যাগকে বিনীতভাবে সম্মান করি এবং শ্রদ্ধা করি। আজ তৃণমূল পরিবার সকলের ভালবাসা ও স্নেহে আশীর্বাদপ্রাপ্ত।
ব্যানার্জি দেশের সাধারণ মানুষের জন্য তাঁর লড়াই চালিয়ে যাওয়ার অঙ্গীকার করেছিলেন। আপনাদের অকুণ্ঠ সমর্থনের কারণেই আমরা এই মহান গণতান্ত্রিক দেশে সবার জন্য লড়াই চালিয়ে যাব। কোনো অশুভ শক্তির কাছে আত্মসমর্পণ নয়। সমস্ত সন্ত্রাসকে অগ্রাহ্য করে আমরা আমাদের দেশের সাধারণ মানুষের জন্য আমাদের আজীবন সংগ্রাম চালিয়ে যাব।
১৯৯৮ সালে কংগ্রেস থেকে



বেরিয়ে এসে ২০০১ ও ২০০৬ সালে দুটি ব্যর্থ প্রচেষ্টার পর ২০১১ সালে বামফ্রন্ট সরকারকে পরাজিত করে ক্ষমতায় আসে তৃণমূল কংগ্রেস।
পশ্চিমবঙ্গের রাজনীতির অন্যতম গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব মমতা বন্দ্যোপাধ্যায় ২০২১ সালের বিধানসভা নির্বাচনে তৃণমূল কংগ্রেসকে নিরঙ্কুশ বিজয় এনে দেন এবং টানা তৃতীয়বারের মতো মুখ্যমন্ত্রী হন।

## অভিষেককে মমতার তলব!

**আপনজন ডেস্ক:** তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আগামী লোকসভা ভোটে নিজের কেন্দ্র ডায়মন্ডহারবারে মন দিতে চান বলায় দলের মধ্যে তীব্র প্রতিক্রিয়া হয়েছে। অনেকে মমতার সঙ্গে অভিষেকের দূরত্বের আশঙ্কা করেন। সেই সন্ধিক্ষণে সোমবার তৃণমূলের প্রতিষ্ঠা দিবসে তৃণমূলের রাজ্যসভাপতি সুব্রত বক্সি বলেন, এই নির্বাচনে যদি অভিষেক বন্দ্যোপাধ্যায় লড়াই করেন, নিশ্চিত ভাবে আমাদের ধারণা উনি লড়াইয়ের ময়দান থেকে পিছিয়ে যাবেন না। যদি লড়াই করেন, তবে মমতা বন্দ্যোপাধ্যায়কে সামনে রেখে লড়াই করবেন উনি। তার মন্তব্য ঘিরে বিতর্ক তৈরি হয়।
এরপর সোমবার সন্ধ্যা ৬টা নাগাদ হরিশ চ্যাটার্জি স্ট্রিটে মুখ্যমন্ত্রীর বাড়িতে যান অভিষেক বন্দ্যোপাধ্যায়। হাজির হন ফিরহাদ হাকিমও। তাই দলের বিরোধ মেটাতেই কি মমতার তলব, তা নিয়ে জোর জল্পনা।

# দেশে মহিলাদের প্রতি হিংসার অভিযোগের ৫৫% শুধু ইউপিতেই



**আপনজন ডেস্ক:** জাতীয় মহিলা কমিশন (এনসিডাব্লু) গত বছর মহিলাদের বিরুদ্ধে অপরাধের ২৮,৮১১ টি অভিযোগ নথিভুক্ত করেছে এবং প্রায় ৫৫ শতাংশ উত্তর প্রদেশ থেকে ছিল।
এনসিডাব্লিউ-এর তথ্য অনুযায়ী, গার্হস্থ্য সহিংসতা ব্যতীত অন্যান্য হয়রানির সাথে জড়িত মর্যাদার অধিকার বিভাগে সর্বাধিক সংখ্যক অভিযোগ পাওয়া গেছে এবং এটি ৮,৫৪০ টি। এর পরেই পারিবারিক সহিংসতার ৬,২৭৪টি অভিযোগ আসে।
যৌতুক নিপীড়নের অভিযোগ ৪,৭৯৭টি, শ্লীলতাহানির অভিযোগ ২,৩৪৯টি, মহিলাদের বিরুদ্ধে পুলিশের উদাসীনতার অভিযোগ ১,৬১৮টি এবং ধর্ষণ ও ধর্ষণ চেষ্টার অভিযোগ ১,৫৩৭টি। যৌন হয়রানির ৮০৫টি, সাইবার অপরাধের ৬০৫টি, ধাওয়া করার ৪৭২টি এবং অনার ক্রাইমের ৪০৯টি অভিযোগ রয়েছে।
উত্তর প্রদেশে সবচেয়ে বেশি ১৬,১০৯টি, দিল্লিতে ২,৪১১টি, মহারাষ্ট্রে ১,৩৪৩টি অভিযোগ জমা পড়েছে।
বিহারে ১,৩১২টি, মধ্যপ্রদেশে ১,১৬৫টি, হরিয়ানায় ১,১১৫টি, রাজস্থানে ১,০১১টি, তামিলনাড়ুতে ৬০৮টি, পশ্চিমবঙ্গে ৫৬৯টি এবং কর্নাটকে ৫০১টি অভিযোগ জমা পড়েছে।
২০২২ সালে ৩০,৮৬৪টি অভিযোগ পাওয়ার পর থেকে অভিযোগের সংখ্যা হ্রাস পেয়েছে, যা ২০১৪ সালের পর সর্বোচ্চ।
উল্লেখ্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরোর বার্ষিক ক্রাইম রিপোর্টের সর্বশেষ তথ্য অনুযায়ী, ২০২২ সালে ভারতে মোট ২৮,৫২২টি খুনের এফআইআর নথিভুক্ত করা হয়েছে তার মধ্যেই উত্তরপ্রদেশে সবচেয়ে বেশি ৩,৪৯১টি এফআইআর দায়ের হয়েছে। এরপর বিহারে ২,৯৩০টি।

# সিকিমের আকস্মিক বন্যায় তিস্তার গতিপথ পাল্টে যাওয়ার আশঙ্কা



**আপনজন ডেস্ক:** গত বছরের সিকিমের আকস্মিক বন্যা, পাশাপাশি উত্তরবঙ্গের পাহাড় ও সমভূমিতে ব্যাপক ক্ষয়ক্ষতি রয়ে গেছে, মনে হচ্ছে তিস্তা নদীর গতিপথও অনেকটাই পাল্টে দিয়েছে। স্যাটেলাইট ছবি থেকে গতিপথের পরিবর্তন স্পষ্ট। সিকিম ও পশ্চিমবঙ্গের পাশাপাশি বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত তিস্তা নদী এই নিয়ে পঞ্চমবারের মতো গতিপথ পরিবর্তন করেছে। গতিপথের এই ঘন ঘন পরিবর্তন আগামী দিনগুলিতে উত্তরবঙ্গের পাহাড় ও সমভূমির অর্থনৈতিক কাঠামোকে ব্যাপকভাবে প্রভাবিত করতে পারে এমন আশঙ্কায় সেচ বিভাগ নদীর একটি সম্পূর্ণ “মরফোলজি সমীক্ষা” করার সিদ্ধান্ত নিয়েছে। এটি সমীক্ষা পরিচালনার জন্য আর্থিক অনুমোদনের জন্য রাজ্যের অর্থ বিভাগের কাছে একটি প্রস্তাবও পাঠিয়েছে। স্যাটেলাইটের ছবি থেকে জানা যায়, পাহাড় ও সমতলের বিভিন্ন স্থানে নদীর গতিপথ পরিবর্তিত হয়েছে। আকস্মিক বন্যার সময় পাহাড় থেকে নেমে আসা ভারী পাথরের ব্লক এবং বন্যার জল নেমে যাওয়ার পরে এলাকায় জমে থাকা বিশাল পলি উভয়ের কারণে প্রবাহিত নদীর জল প্রতিরোধের মুখোমুখি হয়েছিল। গত বছর সিকিমে আকস্মিক বন্যার কারণে উত্তরবঙ্গের শিলিগুড়ির সঙ্গে সিকিমের গ্যাংটকের সংযোগকারী সবচেয়ে গুরুত্বপূর্ণ সড়ক সেভোক-সিকিম রোডও বেশ কিছুদিন অচল হয়ে পড়েছিল। গত অক্টোবরে সড়কটি পুনরায় খুলে দেওয়া হয়। আকস্মিক বন্যার পর উত্তরবঙ্গের বিভিন্ন এলাকা থেকে মোট ২২টি মৃতদেহ উদ্ধার করা হয়। আকস্মিক বন্যার পরিপ্রেক্ষিতে জিটিএ পাহাড়ে নতুন জলবিদ্যুৎ প্রকল্প স্থাপনের অনুমতি না দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।


ভর্তি চলিতেছে ভর্তি চলিতেছে

মদিনা মিশন

Regd. No. 1033/00241

চৌহাটি মদিনা নগর, মুসলিম পাড়া, পোস্ট: চৌহাটি, থানা: সোনারপুর, কলকাতা-৭০০১৪৯

পাঠক্রম প্রথম শ্রেণী হইতে দশম শ্রেণী পর্যন্ত

ভর্তি চলিতেছে প্রথম শ্রেণী হইতে নবম শ্রেণী পর্যন্ত

প্রথম শ্রেণী হইতে দশম শ্রেণী পর্যন্ত গরিব, এতিম অসহায় ছাত্রদের বিশেষ সুবিধা দেওয়া হয়। পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্যদের সিলেবাস অনুযায়ী পড়ানো হয়। সরকারি সর্বপ্রকার সুযোগ সুবিধা পাওয়া যায়। সাথে সাথে দ্বীনি শিক্ষার ব্যবস্থা আছে। বিনামূল্যে খাবার, বস্ত্র, চিকিৎসা ব্যবস্থা আছে। আরবি স্তরের (আরবি হিফজ, কাফিয়া জামাত পর্যন্ত) শিক্ষা সাথে সাথে পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের সিলেবাস অনুযায়ী পড়ানো হয়। চার বার খাবারের ব্যবস্থা আছে। সপ্তাহে পাঁচ দিন আমিষ এবং দুই দিন নিরামিষ হয়।

ভর্তি হতে ইচ্ছুক ছাত্ররা শীঘ্রই যোগাযোগ করুন:

৯৮৩০৪ ০১০৫৭

সম্পাদক
মাওলানা ইমাম হোসেন মাযাহারী

প্রেসিডেন্ট
মুফতি লিয়াকত আলি

পথ নির্দেশ: বাসে, অটোয় গড়িয়া, কামালগাজি, সোনারপুর, বারুইপুর হইতে মালঞ্চ ফাঁড়ি নেমে কিংবা ট্রেনে ডায়মন্ডহারবার, লক্ষ্মীকান্তপুর, বারুইপুর লোকালে মল্লিকপুর নেমে রিকশায় বা হাঁটা পথে ১০ মিনিট দক্ষিণ চৌহাটি মদিনা নগর মিশন।

আল-কুরআন এখন আরও সহজ হলো • এই প্রথম পড়া এবং শোনা একসাথে

মূল আরাবিসহ সহজ বাংলা অনুবাদ ও সঠিক উচ্চারণ

আল-কুরআন

অনুবাদক: বিশিষ্ট ইসলামি চিন্তাবিদ ঐতিহাসিক গোলাম আহমাদ মোর্তজা(রহ.)

বিশ্ববঙ্গীয় প্রকাশিত কুরআনটির বিশেষ বৈশিষ্ট্য সমূহ

- বাংলা অনুবাদে এত সহজ শব্দের ব্যবহার এই প্রথম।
- সহজ গদ্যে শুদ্ধ বঙ্গানুবাদ।
- সঠিক বাংলা উচ্চারণ
- বিশ্ববিখ্যাত দু'জন ক্বারির কণ্ঠে সমগ্র কুরআন শোনার ব্যবস্থা।
- পারার শেষে নৈতিক শিক্ষামূলক আরাবি ক্যালিগ্রাফিসহ বঙ্গানুবাদ।
- প্রতিটি সুরার বৈশিষ্ট্য, শানে নুযুল, টীকাসহ প্রয়োজনীয় ব্যাখ্যা।



QR কোডসহ

সমগ্র কুরআন এক খণ্ডে ১১৫০৲

দুই খণ্ড একত্রে আকর্ষণীয় গিফ্‌ট্ প্যাকসহ ১৪০০৲

গোলাম আহমাদ মোর্তজার গ্রন্থাবলী :

- চেপে রাখা ইতিহাস ৪৫০৲
- সিরাজুদ্দৌলার সত্য ইতিহাস ও রবীন্দ্রনাথ ৩০০৲
- বিভিন্ন চোখে স্বামী বিবেকানন্দ ৩০০৲
- এ এক অন্য ইতিহাস ২৫০৲
- বজ্রকলম ২৫০৲
- বাজেয়াপ্ত ইতিহাস ৯০৲
- ধর্মের সহিংস ইতিহাস ১২০৲
- ইতিহাসের এক বিস্ময়কর অধ্যায় ১১০৲
- পুস্তক সম্রাট ৯০৲
- অনন্য জীবন ১৫০৲
- মুসাফির ১১০৲
- সৃষ্টির বিস্ময় ৭০৲
- জাল হাদীস ও বিশ্বসমাজ ৮০৲
- ৪৮০টি হাদীস ও বিশ্বসমাজ ৮০৲
- এ সত্য গোপন কেন? ৩০৲
- সেরা উপহার ৩০
- রক্তমাখা ছন্দ ৩০৲
- রক্তমাখা ডায়েরী ৩০৲

বিশ্ববঙ্গীয় প্রকাশন
বর্ণপরিচয়, বি-৯ কলেজ স্ট্রিট মার্কেট, কলকাতা-৭০০ ০০৭
ফোন-০৩৩-২২৫৭ ০০৪২ ৯৮৩০০১২৯৪৭

**প্রথম নজর**

## তৃণমূলের প্রতিষ্ঠা দিবস সাড়ম্বরে পালিত রতুয়ায়



**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** সোমবার ছিল তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস,জেলা তৃণমূল নেতৃত্বের উপস্থিতিতে দলের প্রতিষ্ঠা দিবস কর্মসূচি পালিত হল রতুয়া ২ ব্লকের পরানপুর এলাকায়। দলীয় পতাকা উত্তোলন সহ বিভিন্ন রকম কর্মসূচি গ্রহণ করা হয় তৃণমূলের প্রতিষ্ঠা দিবস দিনটিকে মাথায় রেখে। কর্মসূচিতে উপস্থিত ছিলেন মালদা জেলা তৃণমূল সভাপতি তথা বিধায়ক আব্দুর রহিম বক্সি, আরেক বিধায়ক তথা জেলা তৃণমূল চেয়ারম্যান সমর মুখার্জি। এছাড়াও বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি অঞ্চল তৃণমূল সভাপতি সহ দলের নেতাকর্মীরা। দলীয় পদক উত্তোলনের উপর একটি পথসভা থেকে তৃণমূল নেতৃত্ব বার্তা রাখতে গিয়ে লড়াই সংগ্রামের কথা তুলে ধরলেন। দলের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কিভাবে দলটাকে প্রতিষ্ঠা করেছিলেন সেই সমস্ত বার্তা রাখার পাশাপাশি সকল প্রান্তের মানুষ তৃণমূলের সাথে একত্রিত ভাবে থেকে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন কর্মসূচিতে অংশগ্রহণের ডাক দেওয়া হয়।

## নদিয়া জেলা জুড়ে তৃণমূলের ঠাসা কর্মসূচি



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** তৃণমূল কংগ্রেসেরে প্রতিষ্ঠাতা দিবস উপলক্ষে নদিয়া জেলা জুড়ে তৃণমূল কংগ্রেসের কর্মসূচি পালিত হল। চাপড়া ব্লক তৃণমূল যুব কংগ্রেসের প্রতিষ্ঠাতা দিবস উপলক্ষে রক্তদান শিবির,শতাধিক কম্বল ও ৫০০ জন বিশেষ চাহিদা সম্পন্ন মানুষে হাতে তিন চাকা সাইকেল তুলে দেওয়া হয়।উপস্থিত ছিলেন কৃষনগর উত্তরে যুব তৃণমূল সভাপতি সুশান্ত মণ্ডল জেলার সহসভাপতি রাজিব সেখ। নতুন বছরে শীতের মধ্যে রক্ত দান শিবির ভিড় ছিল চখে পড়া মতো। জেলার সহসভাপতি রাজিব সেখ বলেন, নতুন বছরে চাপড়াবাসীকে শুভেচ্ছা। প্রতিষ্ঠাতা দিবস উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান করে ১০০ জন রক্তদাতা। আগামী লোকসভা নির্বাচনে লক্ষ্য করে বিভিন্ন সংখ্যালঘু এলাকায় তৃণমূল কংগ্রেসের কর্মসূচি। আগামী লোকসভা নির্বাচনে কৃষ্ণনগর লোকসভা কেন্দ্রে সংখ্যালঘু ভোট পাওয়াই টার্গেট তৃণমূলের ।

# ডান্ডা ধরলে ঝাঁপ বন্ধ হয়ে যাবে দোকানের, হুঁশিয়ারি হুমায়ুনের




**রঙ্গিলা খাতুন ● ভরতপুর**

**আপনজন:** যেদিন ডান্ডা ধরব সেদিন আলাদা করে যারা দোকান খুলছেন তাদের ঝাপ বন্ধ করে দেব, বছরের প্রথম দিনেই দলের প্রতিষ্ঠা দিবসে হুঁশিয়ারি বিধায়ক হুমায়ুন কবিরের।

সালারে তৃণমূলের নেতারা নাকি আলাদা ভাবে দোকান খুলেছেন । হ্যাঁ এমই মন্তব্য করলেন ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীর। সোমবার মঞ্চে কেক কেটে দলের ২৭ তম প্রতিষ্ঠা দিবসে হুঁশিয়ারি দিয়ে বলেন, তৃণমূলের কিছু নেতা আলাদাভাবে দোকান খুলে বসে আছে। আমরা যদি সিপিএম বিজেপির বিরুদ্ধে লড়াই করতে পারি তাহলে নিজেদের ঘরে যে সমস্ত গাদ্দাররা বসে আছে তাদের দোকানের ঝাঁপ বন্ধ করতে আমার বেশি সময় লাগবে না। দলের স্বার্থে প্রয়োজনে ডান্ডা নিয়ে তাদের জব্দ করে দেব।

মুর্শিদাবাদ জেলার ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবির বরাবরই স্পষ্টবাদী ও বিদ্রোহী নেতা হিসেবে পরিচিত। এবার সেই স্পষ্টবাদী তৃণমূল বিধায়ক দলের প্রতিষ্ঠা দিবসের দিন মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে আবারো বিস্ফোরক মন্তব্য ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক বিতর্ক । সামনে লোকসভা ভোটের আগে প্রকাশ্যে চলে এলো গোষ্ঠী কোন্দল ও তৃণমূলের অন্তর্কলহ।

# প্রতিষ্ঠা দিবস থেকে লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু তৃণমূলের



**মনিরুজ্জামান ও ইস্রাফিল বৈদ্য ● কলকাতা**

**আপনজন:** সোমবার ছিল নতুন বছর ২০২৪ সালের প্রথম দিন। একই সঙ্গে এদিন ছিল তৃণমূল কংগ্রেসের ২৬ তম প্রতিষ্ঠা দিবস। ১৯৯৮ সালের এই দিনে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা করেছিলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার সকালে তৃণমূল ভবনে দলীয় পতাকা উত্তোলন করেন দলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি।কংগ্রেস থেকে বেরিয়ে এসে সফল রাজনৈতিক দল গড়ে তোলার নজির দেশে খুব একটা নেই। মমতা বন্দ্যোপাধ্যায় সেই ব্যতিক্রমী চরিত্র, যিনি কংগ্রেসের ভরা বাজারে কংগ্রেস ছেড়ে বেড়িয়ে এসে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা করেছিলেন। বাম জমানার অত্যাচারিত, নিপীড়িত, বঞ্চিত, অসহায় মানুষদের মুখে বোল দিয়েছেন। ৩৪ বছরের অপদার্থ, অকর্মণ্য, অচলায়তনকে ছুঁড়ে ফেলে দিয়ে পরিবর্তন এনেছেন। বাংলায় ক্ষমতায় এনেছেন তৃণমূল কংগ্রেসকে। লক্ষ্য এবার দিল্লির মসনদেও পরিবর্তন আনা। তাই দলের প্রতিষ্ঠা দিবসেই এদিন রাজ্যের প্রতিটি প্রান্তে আওয়াজ উঠেছে,’নতুন বছরে বদল চাই, বিজেপির হাতে দেশ নিরাপদ নয়।’এদিন থেকে গোটা জানুয়ারী মাসব্যাপী ঠাসা কর্মসূচি নেওয়া হয়েছে তৃণমূলের পক্ষ থেকে। ১২ জানুয়ারী স্বামী বিবেকানন্দের জন্মদিন, ২৩ জানুয়ারী নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন অন্যান্য বারের মতো মর্যাদার সঙ্গে পালন করবে জোড়াফুল শিবির।একই সঙ্গে নতুন বছরেই লোকসভা নির্বাচন। তাই এদিন থেকে লোকসভা ভোটের প্রস্তুতিও পুরোদমে নেমে পড়ার সংকল্প নেন তৃণমূলের সর্বস্তরের নেতাকর্মীরা। ইতিমধ্যে তৃণমূল নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আওয়াজ তুলেছেন, ‘বিজেপি হটাও, দেশ বাঁচাও’। সেই স্লোগানের সঙ্গে সুর মিলিয়েছেন তৃণমূল নেতৃত্ব, বিজেপির হাতে দেশ নিরাপদ নয়। তৃণমূল ভবনে দলের প্রতিষ্ঠা দিবসের এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ সভাপতি জয়প্রকাশ মজুমদার,সাংসদ দোলা সেন,সাংসদ ডাঃ শান্তনু সেন, তৃণমূল নেতা মনীষ গুপ্তা, মাদ্রাসা শিক্ষক সংগঠনের রাজ্য সভাপতি একেএম ফারহাদ,ছাত্র পরিষদের সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য, বাবু বক্সী,সুবীর মজুমদার,বিজলী রহমান, ফরিদ খান প্রমুখ।

# চাকরির নামে দুর্নীতি করা আর মায়ের মাংস কেটে খাওয়া দুটি সমান: ফিরহাদ




**সুব্রত রায় ● কলকাতা**

**আপনজন:** দলের মধ্যে থেকে যে বা যারা চাকরির নামে দুর্নীতি করেছেন, টাকা নিয়েছেন, এই ধরনের কাজের সঙ্গে যুক্ত থাকার থেকে মায়ের মাংস কেটে খাওয়া সমান।

সোমবার বছরে প্রথম দিনে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে একটি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন কলকাতা পৌরসভার মেয়র ফিরহাদ হাকিম। তিনি আরোও বলেন,বিজেপির মত অত্যাচারী এবং কোরাপটেড পার্টি বিরুদ্ধে এদেশের সমস্ত বিরোধী মনোভাবাপন্ন দলগুলিকে একত্রিত ভাবে লড়াই করতে হবে।

বিগত দিনে বিজেপির হাতে গুজরাট থেকে শুরু করে হাতরাশ উত্তরপ্রদেশ সহ একাধিক জায়গায় যেভাবে মানুষকে হত্যা করা হয়েছে, যে ধরনের জনবিরোধী একের পর এক নীতি নেওয়া হচ্ছে ,তার থেকে মানুষকে মুক্তি দিতে সমস্ত রাজনৈতিক দলগুলিকে এক ছাতার তলায় এসে লড়াই করতে হবে। বামেদের দ্বারা কংগ্রেস, তৃণমূল কংগ্রেস আক্রান্ত হলেও বিজেপির বিরুদ্ধে একজোট হয়ে লড়তে হবে বলে জানান মেয়র।তিনি দাবি করেন,তৃণমূল কংগ্রেস দলে কোন সমস্যা নেই। নবীনদের সঙ্গে প্রবীনদের সমন্বয় করেই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস লড়াই সংগ্রাম করছে এবং এগিয়ে চলেছে। কিছু মানুষ গুলিয়ে দেওয়ার রাজনীতি করছেন। কিছু মিডিয়া বিষয়টাকে তাদের মতো করে দেখাচ্ছেন। তার অর্থ এই নয় যে তৃণমূল কংগ্রেসের মধ্যে কোন বিভাজন আছে। আমরা যে যাই করি না কেন মমতা বন্দ্যোপাধ্যায়কে সামনে রেখেই দল করি এবং লড়াই করি।রাজ্য সংগীত নিয়ে অহেতুক জল ঘোলা করা হচ্ছে।জাতীয় সংগীত রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা। রাজ্যসঙ্গীত ও রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা। রবীন্দ্রনাথ ঠাকুরকে সম্মান জানিয়েই এই রাজ্য সংগীত এডপ করা হয়েছে মন্তব্য মেয়রের।

ফিরহাদ হাকিম বলেন,আগামী দিনে দলকে যুবরাই এগিয়ে নিয়ে যাবে। আমি যতদিন নেতৃত্ব দিতে পারব ততদিন আমি নেতৃত্ব দিয়ে যাব। আমার পরে যুবরাজ নেতৃত্ব দিয়ে দলকে এগিয়ে নিয়ে যাবে। আগামী দিনে অভিষেক এ রাজ্যের মুখ্যমন্ত্রী প্রসঙ্গে কুনাল ঘোষের বক্তব্যের পরিপ্রেক্ষিতে মমতা বন্দ্যোপাধ্যায়ই আমাদের নেত্রী দাবি ফিরহাদের। তিনি আমাদের মুখ্যমন্ত্রী। তার নেতৃত্বেই আমরা চলি। যদিও দলে মমতা বন্দ্যোপাধ্যায়ের পরই অভিষেক বন্দ্যোপাধ্যায়েরও যথেষ্ট গুরুত্ব রয়েছে। বক্তব্য রাখতে গিয়ে ফিরহাদ হাকিম একথা বলেন। এদিকে সোমবার ১ জানুয়ারি তৃণমূল কংগ্রেসের ২৭ তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষে কলকাতার মহানগরিক ফিরহাদ হাকিম নিজের ওয়ার্ড অফিসে পতাকা উত্তোলন করেন এবং সকল শহীদদের শ্রদ্ধাঞ্জলি জানান । সেই সঙ্গে দলীয় কর্মসূচি পালনের পর একাধিক বিষয় প্রতিক্রিয়া দেন।

# প্রতিষ্ঠা দিবসে বনগাঁ লোকসভাকে বিজেপি মুক্ত করার ডাক তৃণমূলের




**এম মেহেদী সানি ● গাইঘাটা**

**আপনজন:** ইংরেজি নববর্ষের শুরুর দিনই তৃণমূলের প্রতিষ্ঠা দিবস । সোমবার জোড়াফুলের ২৭ তম জন্মদিন পালন করে বনগাঁ লোকসভাকে বিজেপি মুক্ত করার ডাক দিলেন বনগাঁ সাংগঠনিক জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ দাস। প্রতি বছরই দলের প্রতিষ্ঠা দিবসের দিনটিকে যথাযথ মর্যাদার সঙ্গে পালন করে থাকে তৃণমূল । এ দিনও একাধিক কর্মসূচি ছিল বাংলার শাসক দলের । এরই অংশ হিসেবে গাইঘাটা পশ্চিম ব্লক তৃণমূল কংগ্রেসের উদ্যোগে অনুষ্ঠিত হলো রক্তদান শিবির, বৃক্ষরোপণ এবং অকাল প্রয়াত গাইঘাটা পশ্চিম ব্লক তৃণমূল কংগ্রেস কমিটির সভাপতি বিপ্লব দাসের স্মরণসভা। এই সভা থেকে সরব হন সদ্য দায়িত্ব পাওয়া উত্তর ২৪ পরগনা জেলা কোর কমিটির সদস্য ও বনগাঁ জেলা সভাপতি বিশ্বজিৎ দাস। সভায় বক্তব্য রাখার সময় দলীয় সকল নেতা, কর্মী, সমর্থকদের আগামী লোকসভা নির্বাচনের প্রস্তুতি গ্রহণের পরামর্শ দেন। পাশাপাশি বিজেপিকে নিয়ে কড়া সমালোচনা করেন। বনগাঁ লোকসভার সাংসদ ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর কে নিশানা করে একাধিক ভাষায় কটাক্ষ করেন। বনগাঁ লোকসভা কেন্দ্রে আসন্ন লোকসভা নির্বাচনে তৃণমূলের বিজয় সময়ের অপেক্ষা বলে মন্তব্য করেন বিশ্বজিৎ। বলা চলে এদিন থেকেই লোকসভা ভোটের প্রস্তুতিতে পুরোদমে নেমে পড়ার সংকল্প গ্রহণ করল তৃণমূল। দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গাইঘাটা হাই স্কুল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে এদিন উপস্থিত ছিলেন জেলা মহিলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী ও গাইঘাটা পঞ্চায়েত সমিতির সভাপতি ইলা বাগচি, জেলা যুব সভাপতি নিরুপম রায়, জেলা পরিষদ সদস্য শিপ্রা বিশ্বাস, অভিজিৎ বিশ্বাস, তৃণমূল নেতা পিনাকি বিশ্বাস, নরোত্তম বিশ্বাস, প্রধান সুভাষ হালদার, নির্মল ঘোষ, উত্তম সরকার প্রমুখ। এছাড়াও তৃণমূল কংগ্রেসের এক ঝাঁক নেতৃত্ব, কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।

## ২৭ কেজি ওজনের কেক কেটে তৃণমূলের প্রতিষ্ঠা দিবস উদযাপন



**রাকিবুল ইসলাম ● নওদা**

**আপনজন:** ১লা জানুয়ারি তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস সারা রাজ্যের পাশাপাশি সোমবার মুর্শিদাবাদের নওদা থানার আমতলা বয়েজ ক্লাব প্রাঙ্গণে তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উদযাপন হল ২৭ কেজি ওজনের কেক কেটে। একে অপরকে কেক খাওয়ালেন । পাশপাশি বিভিন্ন মনীষীদের প্রতিকৃতিতে মাল্য দান করেন সাংসদ আবু তাহের খান ও ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি শফিউজ্জামান শেখ। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ব্লক তৃণমূল সভাপতি শফিউজ্জামান শেখ এর উদ্যোগে এদিন আমতলা গ্রামীণ হাসপাতালে রোগীদের ফল ও শীতবস্ত্র তুলে দেন ব্লক তৃণমূল সভাপতি । এদিন তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে শপথ গ্রহণ করেন আসন্ন লোকসভা নির্বাচনে তৃণমূলের প্রার্থীকে বিপুল ভোটে জয়যুক্ত করবেন । এদিন উপস্থিত ছিলেন মুর্শিদাবাদ লোকসভার সাংসদ আবু তাহের খান, নওদা পঞ্চায়েত সমিতির সভাপতি শহিদুল ইসলাম মন্ডল, নওদা ব্লক তৃণমূল সভাপতি শফিউজ্জামান শেখ সহ ব্লক ও অঞ্চল তৃণমূল নেতৃত্বরা।

## প্রতিষ্ঠা দিবসে



*আপনজন: ১লা জানুয়ারি তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে উস্তিতে পতাকা উত্তোলন করেন মগরাহাট পশ্চিম বিধানসভার বিধায়ক গিয়াস উদ্দিন মোল্লা। উপস্থিত ছিলেন দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের অধ্যক্ষ মুজিবর রহমান, এসসি ওবিসি সেল সাংগঠনিক সুন্দরবন জেলার সভানেত্রী সঙ্গীতা হালদার, শিক্ষাকর্মাধ্যক্ষ সেলিম খান, মগরাহাট পশ্চিম যুব কার্যকারী সভাপতি নাজবুল দপ্তরি প্রমুখ। ছবি: বাইজিদ মণ্ডল*

# অসুস্থ ব্যক্তিকে সাহায্য কাজল সেখের সংস্থার



**সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম**

**আপনজন:** বেসরকারি সংস্থায় কর্মরত এক যুবক হঠাৎ অসুস্থতার কারণে শারীরিকভাবে অক্ষম হয়ে ওঠে। এমনকি পরিবারটিও আর্থিক ভাবে সর্বস্বান্ত হয়ে পড়ে।এরপর বিনা চিকিৎসায় মরণাপন্ন অবস্থা। সেই সময়েই পরিবারের পাশে গিয়ে দাড়াতে দেখা যায় বীরভূম জেলা পরিষদের সভাধিপতি কাজল সেখকে।তবে সভাধিপতি হিসেবে নয় এদিন তিনি তার পরিবারের শহীদদের স্মৃতির স্মরণে গঠিত শহীদ সাজু মেমোরিয়াল ওয়েলফেয়ার সোসাইটির পক্ষ থেকে। বিবরণে জানা যায় যে, ইলামবাজার ব্লকের,নানাসুল পঞ্চায়েতের অন্তর্গত কয়রা পছেরা গ্রামের সেখ দাবির হোসেন নামক এক যুবক কঠিন ব্যাধিতে আক্রান্ত এবং তার চিকিৎসার জন্য পরিবার সর্বস্বান্ত হয়ে পড়ে। পরিবার সূত্রে খবর যে, এই যুবক উচ্চ শিক্ষিত এবং অসুস্থতার আগে পর্যন্ত বেসরকারি ব্যাংকে কর্মরত ছিলেন কিন্তু বর্তমানে সে একবারে শয্যাশায়ী। চিকিৎসকরা জানিয়েছেন, তার একটা সার্জারি করলে সে পুরোপুরি সুস্থ হয়ে পড়বে,এজন্য অনেক অর্থের প্রয়োজন। শুরু হয় বিভিন্ন জায়গায় অর্থের জন্য আবেদন নিবেদন। এই কথা বীরভূমের জেলা সভাধিপতি কাজল সেখের কানে পৌঁছায় এবং নিকটবর্তী একটা গ্রামে অন্য একটা সামাজিক কাজের অনুষ্ঠানে যোগদানের সুবাদে এদিন অসুস্থ দাবির হোসেন ও তার পরিবারের সাথে দেখা করেন এবং সমস্ত রকম অভয় দেন। সেই সাথে চিকিৎসা বাবদ তথা অপারেশন করানোর জন্য প্রয়োজনীয় নগদ এক লক্ষ ত্রিশ হাজার টাকা তুলে দেন।

এক সাক্ষাৎকারে কাজল সেখ বলেন, এই টাকা আমার শহীদ দাদার স্মৃতিতে গঠিত “শহীদ সাজু মেমোরিয়াল ওয়েলফেয়ার সোসাইটি”- পক্ষ হইতে দেওয়া হলো এবং আগামী দিনে প্রয়োজনে আমি এই পরিবারের পাশে থাকবো।

উল্লেখ্য অসুস্থ যুবকের বাবা একদা সি পি আই এম পার্টির প্রভাশালী নেতা ছিলেন। তথাপি দল মত নির্বিশেষে একজন অসহায় ব্যাক্তিকে এরূপ সাহায্যের কথা শুনে এলাকাবাসী কাজল শেখকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

**ছড়িয়ে-ছিটিয়ে**

## প্রতিষ্ঠা দিবসে তৃণমূলের পদযাত্রা নানুরে




**আমীরুল ইসলাম ● নানুর**

**আপনজন:**সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস পালিত হচ্ছে সেই সঙ্গে বীরভূম জেলায় নানুর থানার অন্তর্গত বাসাপাড়ায় তৃণমূলের প্রতিষ্ঠা দিবস পালিত হল। এই প্রতিষ্ঠা দিবস উপলক্ষে মিলনমেলার শুভ সূচনা হয়। জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে বেশ কয়েক হাজার মানুষ একত্রিত হয়ে তৃণমূল প্রতিষ্ঠা দিবস ও মিলন মেলার শুভ উদ্বোধনে হাজির হয়েছিলেন। মিলন মেলার মাঠে তৃণমূলের পতাকা উত্তোলন করেন বীরভূম জেলা সভাধিপতি কাজল শেখ সহ অন্যান্য তৃণমূলের কর্মীবৃন্দ। মিলন মেলা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বীরভূম জেলার সভাধিপতি কাজল শেখ, বোলপুরের সংসদ অসিত মাল, নানুর ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি, শ্রীনিকেতন ব্লকের পঞ্চায়েত সমিতির সভাপতি সহ, বিভিন্ন অঞ্চলের বুথ সভাপতি সহ অন্যান্য তৃণমূলের কর্মীবৃন্দ। আজকে মিলন মেলা মঞ্চে দুস্থ গরিব মানুষদের শীতবস্ত্র বিতরণ করা হয় ।কাজল শেখ মঞ্চে দাঁড়িয়ে বলেন আমি কখনো অন্যায় করিনি আর অন্যায় করবো না। আমি রাজনীতি করি এটা আমার নেশা, পেশা নয় । সততার সঙ্গে সে দায়িত্ব পালন করে যাব।

## ১৫ পঞ্চায়েত সদস্য যোগ দিলেন তৃণমূলে



**নকীব উদ্দিন গাজী ● কুলপি**

**আপনজন:** সোমবার তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে, দক্ষিণ ২৪ পরগনা কুলপি ব্লকের কুলপির মোড়ে তৃণমূল কংগ্রেসে এক কর্মীসভা হয় সেই কর্মী সভাতে কুলপি ব্লকের একাধিক পঞ্চায়েতের জেতা প্রার্থী, কংগ্রেস নির্দল, আইএসএফ, বিজেপির, ছেড়ে ১৫ জন পঞ্চায়েত সদস্য তৃণমূল কংগ্রেসে যোগ দিলো, কুলপির বিধানসভার বিধায়ক যোগরঞ্জন হালদারের হাত ধরে। তাদের দলীয় পতাকা তুলে দেওয়া হয়। উপস্থিত ছিলেন কুলপি ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি সুপ্রিয় হালদার যুব সভাপতি শামসুর মীর সহ একাধিক ব্যক্তিবর্গ।

# জঙ্গলে যাওয়ার অনুমতি মিল না বোট মালিকদের



**ওয়াইত লস্কর ● গোসাবা**

**আপনজন:** নির্দিষ্ট সময় জেলা পরিষদের অনুমতি পত্র না মেলায় পাওয়া যায়নি সুন্দরবনের জঙ্গলের অনুমতি পত্র। আর তার জেরেই বিক্ষোভ শুরু হয়েছে সুন্দরবনের পাখিরালাতে।

কয়েকশ বোট লঞ্চ অংশগ্রহণ করেছেন এই বিক্ষোভ কর্মসূচিতে। সুন্দরবনের ভরা মরশুমে খুব কর্মসূচিতে অংশগ্রহণ করায় বিপদে পড়েছে ন পর্যটকরা। কয়েক হাজার পর্যটক আটকে পড়েছেন হীরালা দয়াপুরের বিভিন্ন হোটেল ও বোট গুলিতে। যতক্ষণ না পর্যন্ত জঙ্গলে যাওয়ার অনুমতি পত্র পাওয়া যাচ্ছে ততক্ষণ এই বিক্ষোভ কর্মসূচি চালানো হবে বলে জানানো হয়েছে বোট ইউনিয়নের পক্ষ থেকে।। উল্লেখ্য জেলা পরিষদের তরফ থেকে সুন্দরবনের বিভিন্ন নদীতে বোট চলাচলের অনুমতি পত্র দিয়ে থাকে। সেই শংসাপত্র দেখালে তবেই জঙ্গলে প্রবেশের অনুমতিপত্র পাওয়া যায়। ৩১শে ডিসেম্বর শেষ হয়েছে সেই শংসাপত্রের মেয়াদ। অথচ বহু বোট এখনো জেলা পরিষদের সংসপত্র পাইনি। ফলে মিলছে না জঙ্গলে প্রবেশের অনুমতি পত্র। মূলত জঙ্গলে প্রবেশের অনুমতিপত্র দিতে হবে বোট মালিকদের।

# বহরমপুর পশ্চিমের সবচেয়ে পুরনো তৃণমূল কর্মী আনিকুল সেখের সংবর্ধনায় সাংসদ খলিলুর





**আসিফ রনি ● বহরমপুর**

**আপনজন:** ১ জানুয়ারি রবিবার তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে জঙ্গিপুর সাংগঠনিক জেলার পক্ষ থেকে পুরনো কর্মীদেরকে সংবর্ধনা দেওয়া হয়। সেখানে সংবর্ধনা ও পুরস্কৃত করা হয় আনিকুল শেখ কেও। সংবর্ধিত করেন সাংসদ খলিলুর রহমান সঙ্গে ছিলেন মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি রুবিয়া সুলতানা ও জঙ্গিপুর সাংগঠনিক জেলা যুব তৃণমূল কংগ্রেসের সভাপতি কামাল হোসেন। বহরমপুর পশ্চিম ব্লকের আব্দুল কাদের শেখ নামেও এক ব্যক্তিকে পুরনো কর্মী হিসেবে সংবর্ধিত করা হয় এদিন। গরিবের সংসার, তা সত্ত্বেও একই ভাবে ১৯৯৮ সাল থেকে করে আসছেন তৃণমূল কংগ্রেস। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে বহরমপুর পশ্চিম ব্লকের সবচেয়ে পুরনো তৃণমূল কর্মী হিসেবে সংবর্ধিত হওয়ায় খুশি আনিকুল শেখ। জানা যায় মুর্শিদাবাদের বহরমপুর পশ্চিম ব্লকের নিয়াল্লিশপাড়া অঞ্চলের খিলিপাড়া গ্রামের আনিকুল শেখ। তৎকালীন বিএ পাস। তৃণমূলের প্রতিষ্ঠালগ্ন থেকে তৃণমূলের কর্মী হিসেবে পরিচিত তিনি। তৃণমূলের জন্ম লগ্ন থেকে মুর্শিদাবাদ জেলায় যে কয়জন ব্যক্তি বা নেতৃত্ব নাম উঠে আসে তাদের সারিতেও কর্মী হিসেবে তারও নাম পাওয়া যায়। বর্তমানে যেখানে বেশিরভাগ ক্ষেত্রেই নেতা হলেই কেউ গাড়ি বাড়ি করে নিচ্ছে তো,আবার কেউ জড়িয়ে যাচ্ছে দুর্নীতির জালে সেখানে এক অনন্য নজির আনিকুল শেখের মতো ব্যক্তিত্ব। সাংবাদিকরা তাকে প্রশ্ন করে স্থানীয় নেতৃত্বের থেকে কি কোন গুরুত্ব পান? আনিকুল সেখ উত্তরে জানান স্থানীয় নেতৃত্বের থেকে কোন গুরুত্ব না পেলেও মমতা ব্যানার্জিকে ভালোবেসে সেই ৯৮ সাল থেকে দল করে আসছি, আগামীতেও কেউ কোনো গুরুত্ব দিক বা না দিক মমতা ব্যানার্জিকে ভালোবেসেই কর্মী হিসাবেই দল করেই যাব। তিনি সাংসদ খলিলুর রহমানকে ধন্যবাদ জানান সম্মানিত করার জন্য। খলিলুর রহমানের এই উদ্যোগে খুশি পুরনো কর্মীরা।

প্রথম নজর

## ৫২ বছর পর সিংহাসন ছাড়ার ঘোষণা ডেনমার্কের রানির



**আপনজন ডেস্ক:** নতুন বছরের বক্তৃতায় বিস্ময়কর ঘোষণা দিলেন ডেনমার্কের রানী দ্বিতীয় মার্গেথ। রাজত্বের ৫২তম বার্ষিকীতে আগামী ১৪ জানুয়ারি যুবরাজ ফ্রেডেরিকের হাতে সিংহাসনের ভার ছেড়ে দিচ্ছেন তিনি। খবর দ্য গার্ডিয়ান। বাবা রাজা নবম ফ্রেডেরিকের মৃত্যুর পর ১৯৭২ সালের ১৪ জানুয়ারি সিংহাসনে আসীন হন মার্গেথ। রাজকীয় প্রাসাদ থেকে এক বক্তৃতায় রানী বলেন, আমি মনস্থির করেছি যে এটাই উপযুক্ত সময়। আমার প্রিয় বাবার স্থলাভিষিক্ত হওয়ার ৫২ বছর পর ২০২৪ সালের ১৪ জানুয়ারি আমি ডেনমার্কের রানীর পদ থেকে সরে দাঁড়াব। সিংহাসন আমার ছেলে যুবরাজ ফ্রেডেরিকের কাছে ছেড়ে দিচ্ছি। রানীর বয়স এখন ৮৩। ২০২২ সালের সেপ্টেম্বরে ব্রিটেনের রানী দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুর পর তিনিই ইউরোপের সবচেয়ে দীর্ঘকালীন রানী। গত ফেব্রুয়ারিতে রানীর শরীরে সফল অস্ত্রোপচার হয়। সেই কথা স্মরণ করে বলেন, পরবর্তী প্রজন্মের হাতে দায়িত্বভার অর্পণ করার সময় এসে গেছে কিনা তা নিয়ে ভাবনা বাড়িয়ে দিয়েছিল এ অস্ত্রোপচার। এ ঘোষণার পর রানীকে দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জানান ডেনিশ প্রধানমন্ত্রী মেট ফ্রেডেরিকসেন। স্তুতি বাক্যের মাঝে তিনি এও বলেন, রানী মার্গেথ হলেন ডেনমার্কের প্রতিচ্ছবি।

## জাপানে ৯০ মিনিটে ২১ বার ভূমিকম্প, সুনামি সতর্কতা জারি



**আপনজন ডেস্ক:** জাপানে মাত্র ৯০ মিনিটের মধ্যে পরপর ২১টি ভূমিকম্প অনুভূত হয়েছে। ভূমিকম্পগুলোর মাত্রা ছিল ৪ অথবা তার বেশি। সবচেয়ে শক্তিশালী ভূমিকম্পের মাত্রা ছিল ৭ দশমিক ৬। সংবাদমাধ্যম বিবিসি জানিয়েছে, সোমবারের (১ জানুয়ারি) ভয়াবহ এ প্রাকৃতিক দুর্যোগের কারণে এরই মধ্যে মধ্য জাপানের সাড়ে ৩৩ হাজার পরিবার বিদ্যুৎহীন হয়ে পড়েছে। ইউটিলিটি কোম্পানিগুলো বলছে, জাপানের প্রধান দ্বীপ হোনশুর পাশে জাপান সাগর তীরবর্তী তোয়ামা, ইশিকাওয়া ও নিগাতা অঞ্চলগুলো সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। এদিকে, ভূমিকম্পের উপকেন্দ্রের কাছাকাছি প্রধান মহাসড়ক বন্ধ করে দিয়েছে স্থানীয় কর্তৃপক্ষ। তাছাড়া কেন্দ্রস্থলের নিকটবর্তী একাধিক প্রধান সড়কও বন্ধ করে দেওয়া হয়েছে। জাপান রেলওয়ে জানিয়েছে, টোকিও ও ইশিকাওয়া মধ্যে শিনকানসেন বুলেট ট্রেন চলাচলও স্থগিত ঘোষণা করা হয়েছে। এর আগে জানা যায়, ৭ দশমিক ৬ মাত্রার ভূমিকম্প আঘাত হানার পর দেশটিতে সুনামি সতর্কতা জারি করা হয়েছে। ভূমিকম্পটি দেশটির মধ্যাঞ্চলে আঘাত হানে। ভূমিকম্পের কারণে ৫ মিটার পর্যন্ত উঁচু ঢেউ আঘাত হানতে পারে বলে সতর্ক করেছে নোটো এলাকার স্থানীয় কর্তৃপক্ষ। একই সঙ্গে নিগাতা ও তোমায়া প্রিফেকচারেও সুনামি সতর্কতা জারি করা হয়েছে। সেখানে ঢেউয়ের উচ্চতা ৩ মিটার পর্যন্ত হতে পারে বলে সতর্ক করা হয়েছে।

এর আগে গত মাসের শুরুর দিকে ফিলিপাইনে আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পের ফলে জাপানের হাচিজোজিমা দ্বীপে ৪০ সেন্টিমিটার বা ১ দশমিক ৩ ফুট উচ্চতার সুনামি ঢেউ আঘাত হানে। দ্বীপটি জাপানের রাজধানী টোকিও থেকে ২৯০ কিলোমিটার দক্ষিণে। এছাড়া গত আগস্টে জাপানের হোক্কাইদো শহরে ৬ মাত্রার একটি ভূমিকম্পটি আঘাত হানে। ওই ভূমিকম্পের উপকেন্দ্র ছিল ভূপৃষ্ঠ থেকে ৪৬ কিলোমিটার গভীরে। ২০১১ সালের শক্তিশালী এক ভূমিকম্পে জাপানের ফুকুশিমা প্রিফেকচারের দাইচি পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র ক্ষতিগ্রস্ত হয়ে তেজস্ক্রিয়তা ছড়িয়ে পড়েছিল।

# বর্ষসেরা দুই মুসলিম ব্যক্তিত্ব

**আপনজন ডেস্ক:** ২০২৪ সালের বর্ষসেরা দুই মুসলিম ব্যক্তিত্বের নাম ঘোষণা করা হয়েছে। তাঁরা হলেন মালয়েশিয়ার মুসলিম দার্শনিক সাইয়েদ মোহাম্মদ নকিব আল-আত্তাস ও সোমালিয়ার সাবেক পররাষ্ট্রমন্ত্রী এডনা আদান ইসমাইল। বিশ্বের প্রভাবশালী পাঁচ শ মুসলিম ব্যক্তির তালিকায় তাঁদের নাম প্রকাশ করে জর্ডানভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান দ্য রয়েল ইসলামিক স্ট্র্যাটেজিক স্টাডিজ সেন্টার। ২০২৪ সালের ম্যান অব দ্য ইয়ার বা বর্ষসেরা ব্যক্তিত্ব সাইয়েদ মুহাম্মদ নকিব আল-আত্তাস একজন মুসলিম দার্শনিক। তাঁকে আধুনিক যুগে জ্ঞান-বিজ্ঞানের ইসলামীকরণের অগ্রনায়ক হিসেবে মনে করা হয়। আল-আত্তাস ১৯৩১ সালের ৫ সেপ্টেম্বর বর্তমান ইন্দোনেশিয়ার পশ্চিম জাভার বোগোরের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পূর্বপুরুষদের মধ্যে অনেক বিখ্যাত ব্যক্তি ও সুফিসাধক ছিলেন। ঐতিহ্য অনুসারে নিজ এলাকায় ইসলামী শিক্ষা লাভ করেন।



নকিব আল-আত্তাস এডনা আদান ইসমাইল

১৯৫৭ সালে তিনি মালয় বিশ্ববিদ্যালয়ে মালয় ভাষা নিয়ে পড়েন। এরপর কানাডার ম্যাকগিল বিশ্ববিদ্যালয়ে ইসলামী ধর্মতত্ত্ব নিয়ে পড়ে লন্ডন বিশ্ববিদ্যালয়ের সোয়াস থেকে ইসলামী দর্শনে পিএইচডি ডিগ্রি করেন। আল-আত্তাস ইসলামী সভ্যতা ও সংস্কৃতির পাশাপাশি সুফিবাদ, সৃষ্টিতত্ত্ব, অধিবিদ্যা, দর্শন ও মালয় ভাষা ও সাহিত্যের ওপর ২৭টি গ্রন্থ লিখেছেন। এ বছরের ওম্যান অব দ্য ইয়ার বা বর্ষসেরা নারী হিসেবে সোমালিয়ার সাবেক পররাষ্ট্রমন্ত্রী এডনা আদান ইসমাইলের নাম ঘোষণা করা হয়। তিনি হারগেইসার এডনা আদান ম্যাটারনিটি হাসপাতালের পরিচালক ও প্রতিষ্ঠাতা। তাঁর স্বামী ছিলেন মোহাম্মদ হাজি ইবরাহিম এগাল, যিনি সোমালিল্যান্ড রাজ্যের প্রধানমন্ত্রী ও সোমালি প্রজাতন্ত্র সোমালিল্যান্ডের রাষ্ট্রপতি ছিলেন। ২০১৮ সালে তাঁকে লন্ডন সাউথ ব্যাংক ইউনিভার্সিটি থেকে সম্মানসূচক ডক্টরেট প্রদান করা হয়। ২০২৩ সালে তিনি টেম্পলটন পুরস্কারে ভূষিত হন।

## নতুন বছরের শুরুতেই হামাসের রকেট হামলায় কাঁপল ইসরায়েল



**আপনজন ডেস্ক:** নতুন বছরের শুরুতেই ইসরায়েলি বিভিন্ন শহর লক্ষ্য করে ব্যাপক রকেট হামলা চালিয়েছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী গোষ্ঠী হামাস। সোমবার সংবাদমাধ্যম টাইমস অব ইসরায়েল ও আল জাজিরা তাদের প্রতিবেদনে এ খবর জানিয়েছে। ইসরায়েলি সংবাদমাধ্যমের বরাত দিয়ে আল জাজিরা জানায়, তেল আবিবের দিকে ২০টির বেশি রকেট নিক্ষেপ করা হয়েছে, যার মধ্যে অন্তত ১০টি ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থায় প্রতিহত করা হয়। এ সময় ইসরায়েলের বিভিন্ন শহরে সতর্ক সংকেত (সাইরেন) বাজানো হয় বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এদিকে হামাসের ছোড়া একটি রকেটের টুকরো ইসরায়েলের স্থানীয় এক হাসপাতালে গিয়ে পড়লেও, এতে হতাহতের কোনো ঘটনা ঘটেনি বলে জানা গেছে। এর আগে রোববার অবরুদ্ধ গাজায় ইসরায়েলি সেনাদের হামলায় ফিলিস্তিনের সাবেক ধর্মমন্ত্রী ইউসুফ সালামা (৬৮) নিহত হয়েছেন। সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, রোববার ইউসুফ সালামার বাড়িতে ইসরায়েলি বাহিনী বিমান হামলা চালায় বলে জানায় ফিলিস্তিনি বার্তা সংস্থা ওয়াফা। এছাড়া হামাস নিয়ন্ত্রিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয়ও বিষয়টি নিশ্চিত করেছে। ওয়াফা বলছে, ইউসুফ সালামার বাড়ি গাজার মধ্যাঞ্চল আল-মাঘাজি শরণার্থী ক্যাম্পে। ফিলিস্তিনের বর্তমান প্রেসিডেন্ট মাহমুদ আব্বাসের ঘনিষ্ঠ সহযোগী ছিলেন ইউসুফ। তিনি ২০০৫ সাল থেকে ২০০৬ সাল পর্যন্ত ধর্মমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া জেরুজালেমে অবস্থিত পবিত্র আল-আকসা মসজিদের ইমামও ছিলেন ইউসুফ সালামা। তবে ফিলিস্তিনের সাবেক এই মন্ত্রীর বাড়িতে হামলার ব্যাপারে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি ইসরায়েলি সেনাবাহিনী।



**নতুন বছরের শুরুতে বাংলাদেশের সর্বোত্তরের জেলা পঞ্চগড়ে জেঁকে বসেছে শীত। সকালের শীতে বাড়ির বাইরে খড়কুটো জ্বালিয়ে ওম খোঁজার চেষ্টা সাধারণ মানুষের। সোমবার সকাল সাড়ে ৯টায় পঞ্চগড় সদর উপজেলার চাঁনপাড়া এলাকায়**

## ‘রাশিয়া কখনো পিছু হটবে না’, নতুন বছরের ভাষণে পুতিন



**আপনজন ডেস্ক:** ইউক্রেনে যুদ্ধসহ বিভিন্ন আন্তর্জাতিক ইস্যুতে বর্তমানে রাশিয়া যে অবস্থান নিয়েছে, তা থেকে পিছু হটার কোনো সম্ভাবনা বা পরিকল্পনা মস্কোর নেই বলে জানিয়েছেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। রোববার ইংরেজি নতুন বছর উপলক্ষে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধানদের কাছে পাঠানো বার্তায় তিনি এই মন্তব্য করেছেন। ইউক্রেনে চলমান রুশ যুদ্ধের কথা উল্লেখ না করে নতুন বছরের বার্তায় রাশিয়ার সেনাদের প্রশংসা করেছেন পুতিন। তিনি বলেন, আমরা বারবার প্রমাণ করেছি সবচেয়ে কঠিন কাজও আমরা সমাধান করতে সক্ষম। রুশ প্রেসিডেন্ট বলেন, আমরা কখনো পিছু হটবো না, কারণ আমাদের আলাদা করতে পারে এমন কোনো শক্তি নেই। রুশ বার্তা সংস্থা তাস জানিয়েছে, ক্রেমলিন থেকে রুশ নাগরিকদের উদ্দেশে নতুন বছরের ভাষণ দিয়েছেন পুতিন। স্থানীয় সময় মধ্যরাতে এই ভাষণ প্রচারিত হবে। ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি ইউক্রেনে সর্বাত্মক আক্রমণকে রাশিয়া নিজেদের বিশেষ সামরিক অভিযান হিসেবে অভিহিত করে আসছে। মস্কোর দাবি, ইউক্রেন তাদের নিরাপত্তার জন্য প্রত্যক্ষ হুমকি হওয়ার কারণে দেশটিকে নিরস্ত্রীকরণ করতে এই অভিযান পরিচালনা করছে। ইউক্রেন ও দেশটির পশ্চিমা মিত্রদের দাবি, রাশিয়া উসকানি ছাড়াই একটি যুদ্ধ শুরু করেছে এবং এর লক্ষ্য ভূখণ্ড দখল। যুক্তরাষ্ট্রের নেতৃত্বে রাশিয়ার বিরুদ্ধে লড়াইয়ে ইউক্রেনকে সহযোগিতা ও সমর্থন দিচ্ছে ন্যাটো জোটসহ পশ্চিমা দেশগুলো।

## দক্ষিণ আফ্রিকার মামলা দায়েরের সিদ্ধান্তকে স্বাগত জানাল ওআইসি



**আপনজন ডেস্ক:** ইসরায়েলের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে) গণহত্যার মামলা দায়ের করার সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে ইসলামি সহযোগিতা সংস্থা ওআইসি। গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে প্রায় তিন মাস ইসরায়েলি আগ্রাসনের পরদক্ষিণ আফ্রিকা আইসিজে-তে মামলা দায়ের করার সিদ্ধান্ত নিল। কাতার নিউজ এজেন্সি কিউএনএ জানিয়েছে, ওআইসি শনিবার এক বিবৃতিতে এ ব্যাপারে আইসিজেকে দ্রুত পদক্ষেপ নেয়ার আহবান জানায়। সেইসঙ্গে অবরুদ্ধ ফিলিস্তিন ভূখণ্ডে ইসরাইলি গণহত্যা বন্ধ করার জন্য জরুরি ব্যবস্থা গ্রহণেরও আহবান জানিয়েছে ওআইসি। ওআইসি’র বিবৃতিতে আরো বলা হয়েছে, দখলদার ইসরায়েল নির্বিচারে বেসামরিক জনগোষ্ঠীর ওপর গণহত্যা চালিয়ে যাচ্ছে। তারা হাজার হাজার ফিলিস্তিনিকে হতাহত করেছে, ফিলিস্তিনিদেরকে জোরপূর্বক বাস্তুচ্যুত করেছে। ফিলিস্তিনিদের মৌলিক চাহিদা এবং মানবিক সহায়তা পেতেও বাধা দিচ্ছে। তাদের ঘরবাড়ি ধ্বংস করছে। এমনকি স্বাস্থ্য, শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠান পর্যন্ত ধ্বংস করছে বলে বিবৃতিতে বলা হয়েছে। তারই পরিপ্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকা শুক্রবার আন্তর্জাতিক অপরাধ আদালতে ইসরায়েলি অপরাধযজ্ঞের বিচার চেয়ে একটি মামলা দায়ের করেছে।

ছড়িয়ে-ছিটিয়ে

## ফিলিস্তিনিদের আবারো গাজা ছেড়ে চলে যেতে বললেন ইসরায়েলি মন্ত্রী




**আপনজন ডেস্ক:** প্রায় তিন মাস ধরে ফিলিস্তিনের গাজা উপত্যকায় অনবরত বোমা হামলা চালাচ্ছে ইসরায়েলি বাহিনী। তাদের হামলায় গাজার নিহত হয়েছে প্রায় ২২ হাজার ফিলিস্তিনি। ইসরায়েলি এই হামলায় ভূখণ্ডটিতে দেখা দিয়েছে তীব্র মানবিক সংকট। এমন অবস্থায়ই ফিলিস্তিনিদের ফের গাজা ভূখণ্ড ছেড়ে দিতে বললেন ইসরায়েলের অর্থমন্ত্রী বেজালেল স্মোট্রিচ। সম্প্রতি এমন মন্তব্য করে বিশ্বব্যাপী নিন্দার মুখে পড়েছিলেন তিনি। তবে কয়েকদিন পর আবারো একই মন্তব্য করলেন তিনি। এদিকে ইসরায়েলের গোপন বাসনা হলো- গাজার নিয়ন্ত্রণ নেয়া। সম্প্রতি এমন মন্তব্য করার জন্য স্মোট্রিচের বিরুদ্ধে ব্যবস্থা নেয় ইসরায়েলি সরকার। তাকে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর যুদ্ধ মন্ত্রিসভা থেকে সরিয়ে দেওয়া হয়। রোববার ইসরায়েলি আর্মি রেডিওতে কথা বলার সময় স্মোট্রিচ বলেন, গাজায় যা করা দরকার তা হলো দেশত্যাগকে উৎসাহিত করা। এমন মন্তব্যকে যুদ্ধপরাধ হিসেবে উল্লেখ করেছে ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন ও গাজার শাসকগোষ্ঠী হামাস। এর আগে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু শনিবার এক সংবাদ সম্মেলনে বলেন, গাজা ভূখণ্ড ও মিশর সীমান্ত এলাকা ইসরায়েলের নিয়ন্ত্রণে থাকা উচিত যাতে এই অঞ্চলটির নিরস্ত্রীকরণ নিশ্চিত করা যায়। হামাসের বিরুদ্ধে ইসরাইলের যুদ্ধ ১৩তম সপ্তাহে পড়েছে। নেতানিয়াহু বলেছেন, এই যুদ্ধ আরো অনেক মাস ধরে চলবে। ইসরায়েল যদি সীমান্ত অঞ্চলের নিয়ন্ত্রণ নেয় তাহলে এটা কার্যত গাজা থেকে ২০০৫ সালে তাদের প্রত্যাহারের বিপরীত ঘটনা হবে এবং কয়েক বছর হামাসের নিয়ন্ত্রণের পর এই ছিটমহল আবার ইসরায়েলের নিয়ন্ত্রণে চলে আসবে। নেতানিয়াহু বলেন, ‘ফিলাদেলফি করিডর বা আরও যথাযথভাবে বললে (গাজার) দক্ষিণাঞ্চলের স্টপেজ বিন্দু আমাদের হাতে থাকা দরকার। একে বন্ধ করতে হবে। এটা স্পষ্ট যে, অন্যকোনও সমঝোতা আমাদের কাঙ্ক্ষিত নিরস্ত্রীকরণকে সুনিশ্চিত করবে না।’ নেতানিয়াহুর দাবি, ফিলিস্তিনি অঞ্চলে ইসরায়েলের সামরিক অভিযানে প্রায় ৮ হাজার জঙ্গিকে হত্যা করা হয়েছে। তবে হামাস-পরিচালিত গাজার স্বাস্থ্য মন্ত্রণালয় শনিবার বলেছে, অক্টোবরের যুদ্ধ শুরুর পর থেকে ২১,৬৭২ জন ফিলিস্তিনিকে হত্যা করা হয়েছে এবং ৫৬ হাজারের বেশি মানুষ আহত হয়েছে।

**সেহেরী ও ইফতারের সময়**

সেহেরী শেষ: ভোর ৪.৫১মি.

ইফতার: সন্ধ্যা ৫.০৯ মি.



**নামাজের সময় সূচি**

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৪.৫১ | ৬.১৭ |
| যোহর | ১১.৪৫ | |
| আসর | ৩.২৮ | |
| মাগরিব | ৫.০৯ | |
| এশা | ৬.২৪ | |
| তাহাজ্জুদ | ১১.০০ | |

## ইরাকি কুর্দিস্তানের সামরিক ঘাঁটিতে ড্রোন হামলা



**আপনজন ডেস্ক:** ইরাকের কুর্দিস্তানের আরবিল প্রদেশে অবস্থিত একটি সামরিক ঘাঁটিতে ড্রোন হামলা চালিয়েছে বলে জানিয়েছে দেশটির কর্তৃপক্ষ। বাগদাদের অর্থায়নে ‘আইন বহির্ভূত’ এ আক্রমণ হয়েছে বলেও অভিযোগ করেছে তারা। আঞ্চলিক সরকার এক বিবৃতিতে বলেছে, আরবিল প্রদেশের ঘাঁটিতে শনিবার গভীর রাতে হামলা চালানো হয়। এতে কিছু ক্ষতি হলেও কোনো হতাহতের ঘটনা ঘটেনি। এই অঞ্চলের পেশমার্গা বাহিনী মার্কিন নেতৃত্বাধীন জিহাদিবিরোধী জোটের মিত্র, যারা ইরাকে সেনা মোতায়েন করেছে।

## হুতিদের হামলা প্রতিহত করার ঘোষণা দিল যুক্তরাজ্য



**আপনজন ডেস্ক:** লোহিত সাগরে পণ্যবাহী জাহাজকে লক্ষ্যবস্তু বানানো ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে প্রস্তুত ব্রিটিশ বাহিনী। যুক্তরাজ্যের প্রতিরক্ষা মন্ত্রী গ্র্যান্ট শ্যাপস বলেছেন সংবাদমাধ্যম দ্য ডেইলি টেলিগ্রাফকে বলেছেন, পণ্য বহনের নৌপথটি সুরক্ষিত রাখার জন্য যুক্তরাজ্য সরাসরি পদক্ষেপ নিতে ইচ্ছুক। গত ডিসেম্বরে লোহিত সাগরে ব্রিটিশ যুদ্ধজাহাজ একটি সন্দেহভাজন হামলাকারী ড্রোনকে গুলি করে ভূপাতিত করেছিল। সেই ঘটনা উল্লেখ করে গ্র্যান্ট শ্যাপস বলেন, আমরা পরবর্তী পদক্ষেপ নিতে দ্বিধা করব না। গাজায় ইসরায়েলের গণহত্যার বিরুদ্ধে অবস্থান নেয় ইরান সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহী গ্রুপ। তারা ঘোষণা দেয়, ইসরায়েল অভিমুখী সকল জাহাজকেই আক্রমণ করবে তারা। ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন হামাসের প্রতি সমর্থন জানিয়ে শতাধিক ড্রোন এবং ক্ষেপণাস্ত্র ছুড়েছে তারা। এর ফলে লোহিত সাগরে পণ্য পরিবহনের পথটিতে অনেক প্রতিষ্ঠানই তাদের জাহাজ চলাচল সাময়িকভাবে বন্ধ করে। এ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শেষ পর্যন্ত যুক্তরাষ্ট্রসহ একাধিক পশ্চিমা দেশ যৌথভাবে লোহিত সাগরের দক্ষিণ প্রান্ত ও এডেন উপসাগরে টহলের সিদ্ধান্ত নিয়েছে। যুক্তরাজ্য, কানাডা, ফ্রান্স, বাহরাইন, নরওয়ে ও স্পেনসহ বেশ কয়েকটি দেশ এতে যোগ দিয়েছে।

## লোহিত সাগরে মার্কিন হামলায় ১০ হুথি যোদ্ধা নিহত



**আপনজন ডেস্ক:** লোহিত সাগরে মার্কিন বাহিনীর হামলায় ইরান সমর্থিত ইয়েমেনের ১০ হুতি বিদ্রোহী নিহত হয়েছেন। সেই সঙ্গে বিদ্রোহী গোষ্ঠীটির তিনটি নৌকা সাগরে ডুবে গেছে। বিষয়টি নিশ্চিত করে এর প্রতিশোধের ঘোষণা দিয়েছে হুতি। রোববার এক প্রতিবেদনে এ তথ্য জানায় সংবাদমাধ্যম আলজাজিরা। প্রতিবেদন জানিয়েছে, ইসরায়েল ও হামাসের মধ্যে চলমান হামলায় ফিলিস্তিনের সশস্ত্র সংগঠনটিকে সমর্থন দিয়ে আসছে হুতি বিদ্রোহীরা। হামাসের সঙ্গে সংহতি প্রকাশ করে লোহিত সাগর ব্যবহার করা জাহাজে হামলা চালাচ্ছে তারা। এর জেরে রুটটি ব্যবহার বন্ধের ঘোষণা দিয়েছে বেশ কয়েকটি জাহাজ কোম্পানি। ওই রুটটিতে নিরাপত্তা জোরদারের কথা জানিয়েছে যুক্তরাষ্ট্রসহ বেশ কয়েকটি দেশ। ইউএস সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) বলেছে, সিঙ্গাপুরের পতাকাবাহী, ডেনমার্কের মালিকানাধীন মারস্ক হ্যানজঘউয়ে হামলার চেষ্টা হয়। এ সময় তারা সহায়তা চায়। তাদের দুর্দশার জবাবে নৌবাহিনী সাড়া দিয়েছে। এর আগে কার্গো জাহাজটিকে লক্ষ্য করে দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করা হয়। এরমধ্যে একটি ক্ষেপণাস্ত্র মার্কিন বাহিনী গুলি করে ভূপাতিত করে। আর অন্যটি মারস্ক হ্যানজঘউয়ে আঘাত করে। এক বিবৃতিতে সেন্টকম জানিয়েছে, সাহায্যের জন্য গেলে হুতিরা মার্কিন হেলিকপ্টারগুলোতে গুলি চালায়।

## যুক্তরাষ্ট্রের কারণে সশস্ত্র সংঘাত বাস্তবে পরিণত হচ্ছে: কিম



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্রের কারণে সশস্ত্র সংঘাত বাস্তবে পরিণত হচ্ছে বলে মন্তব্য করেছেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন। সোমবার এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম রয়টার্স। কিম জং উন দেশটির সামরিক কমান্ডারদের বলেছেন, যুক্তরাষ্ট্র এবং দক্ষিণ কোরিয়া যদি সামরিক সংঘর্ষের পথ বেছে নেয় তবে তাদের ধ্বংস করার জন্য সবচেয়ে শক্তিশালী পন্থাগুলোকে একত্রিত করতে হবে। কিম বলেন, কোরীয় উপদ্বীপে সশস্ত্র সংঘর্ষের বিপদ দ্রুত বাস্তবে পরিণত হচ্ছে কারণ যুক্তরাষ্ট্রসহ শত্রুদের বৈরী কৌশলের কারণে দেশটিকে নিজেকে রক্ষা করতে ‘তলোয়ার ধারালো’ করতে হচ্ছে। দেশটির সরকারি সংবাদমাধ্যম দ্য কোরিয়ান সেন্ট্রাল নিউজ এজেন্সি (কেসিএনএ) কিমকে উদ্ধৃত করে বলেছে, যদি তারা সামরিক সংঘর্ষ বেছে নেয় এবং আগুন লাগিয়ে দেয়, তাহলে আমাদের অবশ্যই সবচেয়ে শক্তিশালী সব উপায়কে একত্রিত করতে হবে। তাদের চূর্ণবিচূর্ণ করে মোকাবিলা করতে এবং তাদের সম্পূর্ণরূপে ধ্বংস করতে হবে। কেসিএনএ জানিয়েছে, ২০২৩ সালে নানা কৃতিত্বপূর্ণ কর্মকাণ্ডের জন্য অভিনন্দন জানাতে রোববার ক্ষমতাসীন ওয়ার্কার্স পার্টির সদর দপ্তরে সিনিয়র সামরিক নেতাদের আমন্ত্রণ জানিয়েছিলেন কিম জং উন।

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ০২ সংখ্যা, ১৬ পৌষ ১৪৩০, ১৯ জমাদিউস সানি, ১৪৪৫ হিজরি

## শুভবুদ্ধির উদয় হউক

একটি নূতন বত্সর আসে একটি গ্রন্থের না-লেখা অধ্যায়ের মতো, যাহা লিখিতে হইবে। এই কথা বলিয়াছেন আমেরিকার লেখক মোলোডি বিটি। আমরাও আমাদের লক্ষ্য স্থির রাখিয়া ২০২৪ সালের একটি ইতিবাচক অধ্যায় লিখিতে চাই। কোনো কোনো বত্সরের প্রভাব সমগ্র জীবন আমাদের সহিত আষ্টেপৃষ্ঠে লাগিয়া থাকে। রাষ্ট্রজীবনে এবং ব্যক্তিজীবনে কোনো কোনো বত্সর আসে পরমানন্দের হইয়া, আবার কোনো বত্সর আসে আতঙ্কের জলজ্যান্ত প্রতিমূর্তি হইয়া। ২০২৪ সালটির শুরুটি আমাদের জন্য যাহার পর নাই গুরুত্বপূর্ণ। ৭ জানুয়ারি জাতীয় সংসদ নির্বাচনই কেবল নহে, যাহার রেশ ধরিয়া বত্সরের বাকি সময়ের তাপ-উত্তাপ নির্ভর করিবে। ইহার সহিত বিশ্বে চলমান বড় দুইটি সংঘাত ফিলিস্তিনি-ইসরাইল ও রাশিয়া-ইউক্রেনের পরিস্থিতি খুব বেশি ইতিবাচক হইবে বলিয়া মনে হয় না। বাংলাদেশের বৃহত্ প্রতিবেশী ভারতে এবং বিশ্বের সবচাইতে প্রভাবশালী রাষ্ট্র যুক্তরাষ্ট্রের সাধারণ নির্বাচনও হইবে ২০২৪ সালে। সুতরাং সমগ্র বিশ্বের জন্যই আজকের নূতন এই বত্সরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানবজাতির বৃহত্ অংশের ভালো থাকা মন্দ থাকার নির্ভর করিতেছে এই সকল পরিস্থিতি মিলিয়াই।

সমস্যা হইল, শ্রেষ্ঠত্ববাদীরা মনে করেন যে, জগতের সকল কিছুই কেবল তাহাদের জন্য। বিগত পনেরো শতক হইতে এখন অবধি যত বড় বড় গণহত্যা ও বর্ণবাদী কর্মকাণ্ড পরিচালিত হইয়াছে, তাহার নেপথ্যে রহিয়াছে সম্পদলুণ্ঠন, জাত্যভিমান ও শ্রেষ্ঠত্বের হীন মানসিকতা। এই মোড়লরা মনে করেন, অধিকতর শক্তিশালী জাতি বিস্তারের জন্য দুর্বলরা অবশ্যই তাহাদের পথ ছাড়িয়া দিবে অথবা তাহাদের সেই পথ ছাড়িয়া দিতে বাধ্য করা হইবে। ইহা বিগত কয়েক শতকের কথা; কিন্তু দুঃখের বিষয় হইল, এই একবিংশ শতকের এক-পঞ্চমাংশে আসিয়াও আমরা দেখিতে পাই–ভাস্কো-দা-গামা, কলম্বাস, আমেরিগো-যুগের মানসিকতা এখনো বহাল তবিয়তে বিরাজ করিতেছে শ্রেষ্ঠত্ববাদীদের অন্তরে। বহিরাঙ্গে তাহারা খোলস পালটাইলেও ভিতরে ভিতরে শ্রেষ্ঠত্বের অহং যায় নাই তাহাদের। এই জন্য তাহারা অন্যদের হুমকি দেয় মাটিতে মিশাইয়া ফেলিবার; এমন ভয়ানক উচিত শিক্ষা দেওয়ার দম্ভ দেখায় যে, তাহাদের শরীরী ভাষা বলিয়া দেয় অন্যদের তাহারা ধূলিসমান জ্ঞান করেন মাত্র। 'সবার উপরে মানুষ সত্য'–ইহাই যেন শ্রেষ্ঠত্ববাদীদের নিকট সবচাইতে বড় 'মিথ্যা'। এই কারণে বিশ্বে শান্তি আনিতে এত বেশি যুদ্ধবিগ্রহ ধ্বংসের ঘটনা ঘটিয়াছে যে, মোড়লদের কথিত শান্তি আনয়নের বিষয়টি এখন প্রহসনে পরিণত হইয়াছে। বিগত বাইশ-তেইশ অবধি আমরা এমনটাই দেখিয়া আসিয়াছি। জগত্ নিয়ত পরিবর্তনশীল। নূতন সময়ে পরিবর্তনের সেই ঢেউ কখনো সখনো যেন সুনামি হইয়া টলাইয়া দেয় বিশ্বের কোটি কোটি মানুষের জীবন। পরিবর্তনের স্রোতেই বিশ্বের শক্তির ভারসাম্য ভাঙাগড়া চলিতেছে। মোড়লদের হাতে এখনো যেই পরিমাণ অস্ত্র ও পরমাণু বোমা রহিয়াছে, তাহা দিয়া সমগ্র বিশ্বকে পুরাপুরি ধ্বংস করিয়া ফেলা যায় কমপক্ষে ৩৮ বার। সেই বারুদের স্তূপের মধ্যে তেইশ হইতে আমরা যাত্রা শুরু করিলাম চব্বিশের দিকে।

প্রবাদে রহিয়াছে–তমসো মা জ্যোতির্গময়। অর্থাত্ অন্ধকার হইতে আমাদের আলোর দিকে লইয়া চলো। নূতন বত্সর মানেই নূতন আশা। চাষা বাঁচেন আশায়। উন্নয়নশীল দেশের মানুষ শত মন্দার মধ্যেও আশার বাতি জ্বালাইয়া রাখিতে ভোলেন না। সেই কারণে অর্থনৈতিক মন্দা, রাজনৈতিক অস্থিরতা, অনিশ্চয়তা, ভূ-কূটনীতির জটিল হিসাবনিকাশের মধ্যেও নূতন বত্সরে নূতন বোধোদয় ঘটিবে নেপথ্য নাট্যকারদের–এমনটি কামনা করাই হয়। আমরা আশা করিব, নূতন দিনের সূর্য আমাদের পূর্বের গ্লানি, নির্বুদ্ধিতা, নৃশংসতা, অমানবিকতাকে দূর করিবে। এই জন্য শ্রেষ্ঠত্ববাদী তথা বিশ্ব মোড়লদের প্রকৃত সদিচ্ছা প্রয়োজন। নিজেদের মতো অন্যদেরও তাহাদের 'মানুষ' বলিয়া মনে করিতে হইবে। তাহারা নিজেরাও শান্তিতে থাকুক, অন্যদেরও শান্তিতে থাকিতে দিক। তাহাদের অন্তরে শুভবুদ্ধির উদয় হউক।

●●●●●●●●●●●●

# গাজা যুদ্ধ বিশ্বকে যেদিকে নিয়ে যাচ্ছে



আমেরিকার ক্যাম্পাসগুলোতে কেফিয়া পরা তরুণদের সংখ্যাও বেড়ে গেছে। ইহুদিরা ইউরোপ-আমেরিকায় ঐতিহাসিকভাবে যে সহানুভূতি পেত, গাজায় ইসরায়েলের বর্বরতার পর সেই স্রোত বইছে ফিলিস্তিনিদের দিকে। অনেক লেখক, শিল্পী, বুদ্ধিজীবী ইসরায়েলপন্থী বহু প্রতিষ্ঠান ও অনুষ্ঠান বর্জন করছেন। বলা যায়, ইউরোপ-আমেরিকায় ইহুদি প্রভাবের একচেটিয়াত্ব গভীর এক সামাজিক চ্যালেঞ্জে পড়েছে গাজায় নিহত হাজার হাজার নারী ও শিশুর রক্তের বিনিময়ে। লিখেছেন **আলতাফ পারভেজ**।

বিশ্বে দুটি বড় যুদ্ধ চলছে এখন। এই লেখা তৈরির সময় ইউক্রেনে ৬৭৪তম দিনের মতো বোমা পড়ছিল। গাজা যুদ্ধও শিগগির শততম দিন ছোঁবে। ২৫ মাইল আয়তনের একটা জায়গায় প্রতিদিন গড়ে ৩০০ মানুষকে হত্যা করা হচ্ছে।

গাজা সংঘাতের সঙ্গে ইউক্রেন যুদ্ধের বড় এক ফারাক নিশ্চয়ই ফিলিস্তিনি নারী ও শিশুদের গণহত্যার ধরনে। তবে ইউক্রেন যুদ্ধ যেভাবে ওই দেশের সীমানায় চলছে, গাজা যুদ্ধ সেই তুলনায় ভিন্ন চেহারা নিয়েছে।

ফিলিস্তিনি প্রতিরোধ যোদ্ধাদের সহযোগিতায় ইয়েমেনে হুতি, লেবাবনে হিজবুল্লাহ, সিরিয়ায় আসাদ সরকার, ইরাকে ইসলামিক রেজিস্ট্যান্স সরাসরি যে ভূমিকা রাখছে, সেটা স্পষ্ট। এটা ইসরায়েলের বিপরীতে ইরানের উচ্চাভিলাসী এক সামরিক ছকের কথাও জানাচ্ছে।

তেহরানের এই পরিকল্পিত ছক যে মধ্যপ্রাচ্যে সামরিক ভারসাম্যে পালাবদলের স্পষ্ট ইঙ্গিত, সেটা ২০২৩-এর অক্টোবর থেকে বেশ খোলাসা হলো।

প্রশ্ন উঠেছে, ইউরোপ-আমেরিকার ভুল মধ্যপ্রাচ্য নীতির ফলেই এমন ঘটতে চলেছে কি না। এর ফলই–বা কী দাঁড়াবে?

ফিলিস্তিনিদের সঙ্গে ইসরায়েলের যুদ্ধ কয়েক দশকের। কেবল গাজাতেই গত ১৭ বছরে ৫ দফায় যুদ্ধ হয়েছে। গত ৭ অক্টোবর ফিলিস্তিনের যোদ্ধারা যখন নতুন করে প্রতিরোধ সংগ্রামে নামেন, তখন রাষ্ট্রীয়ভাবে সবচেয়ে জোরালো ও শর্তহীন সমর্থন দিয়েছে কেবল ইরান। এটা এখন আর কেউ লুকায় না, ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলনের বিভিন্ন উপদলের সঙ্গে তেহরানের গভীর সম্পর্ক আছে।

সুন্নিপ্রভাবিত ইসলামি ব্রাদারহুডের সূত্রে হামাসের জন্ম হলেও ইসরায়েলের মুখোমুখি হওয়ার সাহস পেয়েছে তারা ইরানের সামরিক মদদে। সুতরাং গাজা যুদ্ধে পরোক্ষে হলেও ইরান আছে। যেভাবে ইসরায়েলের পাশে ওয়াশিংটন আছে বহুকাল।

এ যুদ্ধ শুরুর পর সবাই ধরে নিয়েছিলেন, কয়েক দিনের মধ্যেই শেষ হবে এটা। ইসরায়েলি সামরিক আগ্রাসনে ফিলিস্তিনি যোদ্ধারা বেশি সময় টিকে থাকতে পারবেন না। ইয়েমেনের হুতি ও লেবাননের হিজবুল্লাহর মতো সামরিক শক্তিগুলো যে এই যুদ্ধে নির্ধারক শক্তি হয়ে উঠবে, সেটা অনেকের প্রাথমিক বিবেচনায়ই ছিল না। হুতিদের অংশগ্রহণে এই যুদ্ধ ইতিমধ্যে লোহিত সাগর পর্যন্ত ছড়িয়েছে। আবার তাদের তৎপরতা রুখতে ভারত পর্যন্ত গাজা যুদ্ধে পরোক্ষ শরিক এখন।

ইয়েমেন উপকূলের অদূরে আরব সাগরে জাহাজ চলাচলে হামলা রুখতে ভারতের তিনটি যুদ্ধজাহাজ সেখানে অবস্থান নিয়েছে সম্প্রতি। যদিও আরব সাগরে ভারতের অবস্থান ইয়েমেনের উল্টো দিকে, কিন্তু তাদের কাছাকাছি জলসীমায় ২৩ ডিসেম্বর লাইবেরিয়ার পতাকাবাহী জাপানি মালিকানাধীন তেলের ট্যাংকারে ড্রোন হামলার দুই দিন পর নয়াদিল্লি নতুন পদক্ষেপের কথা জানাল। জাপানি মালিকানাধীন জাহাজটি হামলার পর মুম্বাইয়ে নোঙর করে। এতে হুতিরা হামলা করেছে কি না, সেটা স্পষ্ট নয়। তবে লোহিত সাগরে ইসরায়েলে আসা-যাওয়ার চেষ্টাকারী যেকোনো জাহাজে হামলা চালানোর কথা হুতিরা বহু আগেই জানিয়েছে এবং বেশ কয়েকটি জাহাজে অভিযানের ভিডিও প্রকাশ করেছে।

বিশ্ববাণিজ্যের প্রায় ১২ শতাংশ লোহিত সাগর ব্যবহার করত এত দিন। ২৫ ডিসেম্বর এশিয়া টাইমস লিখেছে, লোহিত সাগরে হুতিদের নিখুঁত নজরদারি বলছে, তারা এ কাজে স্বয়ংক্রিয় 'ট্র্যাকিং সিস্টেম'-এর পাশাপাশি হয়তো ইরানের রাডার ব্যবস্থার সহায়তা নিচ্ছে।

জলপথে গোপনে চলাচল কঠিন। আবার শিপ রেজিস্ট্রেশন–সংক্রান্ত তথ্যও গোয়েন্দাদের কাছে দুষ্প্রাপ্য নয়। মনে হচ্ছে, এ রকম সব সহায়তা হুতিরা পাচ্ছে। সে জন্য ওই অঞ্চলের পণ্যবোঝাই জাহাজগুলো নিরাপত্তার খাতিরে এখন ভিন্ন জলপথে আসা-যাওয়া করে। তাতে খরচও বাড়ছে। এ-ও একধরনের যুদ্ধই বটে।

হুতিদের এই ভূমিকা ফিলিস্তিনি যোদ্ধাদের সমর্থনে হলেও হামাসের মতো তাদেরও সামরিক অভিভাবক ইরান। সে কারণে গাজা যুদ্ধ যে লোহিত সাগর ও আরব সাগর পর্যন্ত ছড়াচ্ছে, তাতে ইরানের নাম আসছে। যুক্তরাষ্ট্র সরাসরি বলছে, লোহিত সাগরের অস্থিতিশীলতার জন্য ইরান দায়ী। এটা রুখতে আন্তর্জাতিক একটা নৌ জোট গড়ারও ঘোষণা দিয়েছে তারা। এতে গাজা যুদ্ধে ওয়াশিংটনের যুক্ততা সরাসরি হলো।

ইয়েমেনের হুতিদের মতো গাজা যুদ্ধে পরোক্ষ শরিক আছে ইরানের আরেক মিত্র লেবাননের হিজবুল্লাহ। ফিলিস্তিন যোদ্ধাদের 'অপারেশন আল-আকসা ফ্লাড' শুরুর পরদিন ৮ অক্টোবর থেকে লেবাননের ভেতর থেকে গড়ে প্রতিদিন ২০-৩০টি রকেট পড়ছে উত্তর ইসরায়েলের নানা স্থাপনায়। ইসরায়েলের ডিফেন্স ফোর্সও লেবাননে হিজবুল্লাহর অবস্থানে নিয়মিত পাল্টা হামলা চালাচ্ছে। এই সীমান্ত দিয়ে 'ইসলামি জিহাদ' নামের ফিলিস্তিনি যোদ্ধা দলও মাঝেমধ্যে ইসরায়েলে অভিযান চালায়। গত ৮ অক্টোবর থেকে এই তিন পক্ষের বহুজন হতাহত হয়েছেন। উভয় দিকে হাজার হাজার বেসামরিক মানুষকে সরানো হয়েছে বাড়তি যুদ্ধের শঙ্কায়। হামাস ও হিজবুল্লাহর মতো 'ইসলামি জিহাদ'ও ইরানের তরফ থেকে সহায়তা পায় বলে প্রচার রয়েছে। এদের মতোই ইরানপ্রভাবিত ইরাকি শক্তি হলো 'ইসলামিক রেজিস্ট্যান্স' জোট। এরাও ফিলিস্তিনিদের সমর্থনে গোলান মালভূমিতে ইসরায়েলের বিভিন্ন অবস্থানে হামলা করছে।

গোলান এলাকা সিরিয়ার কাছ থেকে জোর করে কেড়ে নিয়ে বহু বছর ধরে সেখানে ইহুদি বসতি বসাচ্ছে ইসরায়েল। গোলানে হামলার পাশাপাশি ইরাকের ইরানপন্থী মিলিশিয়ারা যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্থাপনাতেও হামলা করছে গত ৭ অক্টোবর থেকে। যুক্তরাষ্ট্রও ডিসেম্বরের তৃতীয় সপ্তাহে ইরাকের বিভিন্ন লক্ষ্যবস্তুতে বোমা ফেলেছে। পাল্টাপাল্টি এসব হামলায় গত সপ্তাহে ইরান তাদের সিনিয়র এক কমান্ডার রাজি মৌসাভিকে হারাল। সিরিয়ায় ইরানের সামরিক তৎপরতা সমন্বয় করতেন তিনি। একসময় এ কাজ করতেন জেনারেল কাসেম সোলাইমানি। ২০২০-এর জানুয়ারিতে ইরাকে যুক্তরাষ্ট্রের পরিকল্পিত হামলায় নিহত কাসেম সোলাইমানিরই প্রধান সহযোগী মৌসাভি। ২৫ ডিসেম্বর সিরিয়ার রাজধানীতে মিসাইল ছুড়ে তাঁকে হত্যা করে ইসরায়েল। সোলাইমানি ও মৌসাভি উভয়ে চার দশক সিরিয়া ও লেবাননে ইরানের প্রভাববলয় তৈরিতে মাঠে থেকে কাজ করেছেন। গাজা ও লেবাননে হামাস ও হিজবুল্লাহর কাছে রসদ জোগাতে সিরিয়ায় প্রভাব ধরে রাখা ইরানের দিক থেকে জরুরি। ইসরায়েলও সে কারণে সিরিয়ায় ইরানের লোকবলের ওপর বিরামহীনভাবে বছরের পর বছর হামলা করে যাচ্ছে।

মিডল ইস্ট ইনস্টিটিউটের গত নভেম্বরের এক বিশ্লেষণে দেখা যায়, ২০১৩ থেকে গত এক দশকে ইসরায়েল সিরিয়ায় ইরানিদের ওপর ২২৬ দফায় হামলা চালিয়েছে। এসব হামলায় ইরানের সামরিক সরঞ্জাম ও মানবসম্পদের অনেক ক্ষয়ক্ষতিও হয়েছে। মৌসাভির মতো মানবসম্পদ হারানো ইরানের দিক থেকে বড় ধরনের বিপর্যয়।

ইরানের নীতিনির্ধারকদের ক্রোধের আগুন আরেক দফা বেড়েছে তাতে। তবে এসব হত্যাকাণ্ডের বিপরীতে ইরানের গত কয়েক দশকের প্রতিক্রিয়া বিশ্লেষণ করে যা দেখা যায়, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের এসব অভিযানের বদলা নিচ্ছে তারা পরোক্ষভাবে–মধ্যপ্রাচ্যে সামরিক ভারসাম্য পাল্টে দিয়ে। গাজা যুদ্ধও তাদের দিক থেকে সে রকম এক 'বদলা'। এ যুদ্ধকে মধ্যপ্রাচ্যে ইরানের রণকৌশলের একাংশ হিসেবে দেখার সুযোগ আছে। তবে নিশ্চয়ই এটা ফিলিস্তিনিদের যুদ্ধও বটে। হামাস ও কয়েকটি বামপন্থী উপদল মিলে প্রায় এক শ দিন গাজায় আগ্রাসন মোকাবিলা করে যাওয়ার ভেতর দিয়ে ফিলিস্তিনের সামরিক ঐতিহ্যে বড় ধরনের পরিবর্তন ঘটছে। অতীতে ফিলিস্তিনিদের এ রকম প্রতিরোধ যুদ্ধে নেতৃত্ব দিত প্রয়াত ইয়াসির আরাফাতের ফাত্তাহ উপদল। ২০০৭ সালে গাজা থেকে পিছু হটার পর এখন পশ্চিম তীরে সংকুচিত হয়ে আছে ফাত্তাহর প্রভাব। গাজার ঘটনাবলিতে ফিলিস্তিনিদের মধ্যে তাদের রাজনৈতিক প্রভাবে টান পড়েছে। ফাত্তাহর বিপরীতে হামাসের জনপ্রিয়তা বাড়ার তাৎক্ষণিক ফল হলো ফিলিস্তিন সমস্যার সমাধানে আমেরিকা ও ইসরায়েলের পক্ষে এখন প্রতিপক্ষকে মধ্যপন্থী কোনো ঐক্যমতে রাজি করানোও কঠিন হবে। আবার যেকোনো 'সমাধান' উদ্যোগে হামাস বা ইসলামি জিহাদের মতো সংগঠনগুলোকে রাজি করাতে হলে ইরানকেও সঙ্গে রাখতে হবে। অথচ কয়েক বছর আগেও তেহরান ফিলিস্তিন সমাজে প্রভাবশালী পক্ষ ছিল না। এখন পরিস্থিতি ভিন্ন।

ফিলিস্তিনি যোদ্ধাদের সমর্থনে ইরানের ভূমিকার বৈশিষ্ট্য হলো তারা শিয়া-সুন্নি উভয় ঘরানার সংগঠনকে সহায়তা দিচ্ছে। ধর্মীয়ভাবে শিয়া ও সুন্নিদের নানা বিষয়ে ভিন্নমত থাকলেও ইরান যে একই সঙ্গে এই দুই ঘরানার যোদ্ধাদের এক কাতারে এনে ইসরায়েল ও আমেরিকার বিরুদ্ধে দাঁড় করাতে পারছে, সেটা রাজনৈতিক ও ধর্মীয় মুনশিয়ানার পরিচয়।

ইসরায়েলের বর্ণবাদী ও জাতিবাদী আগ্রাসনের বিরুদ্ধে দাঁড়ানো যে সবার যৌথ দায়িত্ব, সেটা সামনে এনে ইরান নৈতিকভাবে আরব বিশ্বে নিজের আবেদন জোরদার করতে পেরেছে। সৌদি আরবের সঙ্গেও তার পুরোনো বৈরিতা এখন আগের যেকোনো সময়ের চেয়ে কম।

এই যুদ্ধ যদি দীর্ঘায়িত হয় এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের মতো আমেরিকার অর্থনৈতিক বোঝা হয়ে ওঠে, তাহলে ইরানসহ ওয়াশিংটনের সব প্রতিপক্ষের জন্য সেটা হবে কৌশলগত বড় বিজয়। দুটি যুদ্ধে তহবিল দিতে যুক্তরাষ্ট্রের জনসমাজে প্রশ্ন উঠবে।

ইসরায়েলেরও দীর্ঘ মেয়াদে ক্ষতির শঙ্কা আছে এতে। আগের মতো আর যুক্তরাষ্ট্রের দরাজ সহায়তা তারা না–ও পেতে পারে। দুটি যুদ্ধে যুক্তরাষ্ট্রের দীর্ঘ মেয়াদে যুক্ত হয়ে পড়া চীনের জন্যও কিছুটা স্বস্তির।

রাজনৈতিক অর্থনীতির চেয়েও গাজা যুদ্ধ ইসরায়েল ও আমেরিকার জন্য ভিন্ন আরেক সর্বনাশের কারণ ঘটিয়েছে। গাজায় গণহত্যা শ্বেতাঙ্গদের মধ্যে জায়নবাদবিরোধী নতুন এক সাংস্কৃতিক আন্দোলনের বীজ ছড়িয়েছে। 'ফ্রম রিভার টু সি, প্যালেস্টাইন উইল বি ফ্রি' স্লোগান ইতিমধ্যে ইউরোপ-আমেরিকার নানা শহরে বেশ পরিচিতি পেয়েছে। আমেরিকার ক্যাম্পাসগুলোতে কেফিয়া পরা তরুণদের সংখ্যাও বেড়ে গেছে। ইহুদিরা ইউরোপ-আমেরিকায় ঐতিহাসিকভাবে যে সহানুভূতি পেত, গাজায় ইসরায়েলের বর্বরতার পর সেই স্রোত বইছে ফিলিস্তিনিদের দিকে। অনেক লেখক, শিল্পী, বুদ্ধিজীবী ইসরায়েলপন্থী বহু প্রতিষ্ঠান ও অনুষ্ঠান বর্জন করছেন। বলা যায়, ইউরোপ-আমেরিকায় ইহুদি প্রভাবের একচেটিয়াত্ব গভীর এক সামাজিক চ্যালেঞ্জে পড়েছে গাজায় নিহত হাজার হাজার নারী ও শিশুর রক্তের বিনিময়ে।

***আলতাফ পারভেজ: লেখক ও গবেষক।***

***প্র: আ:***



# ইউক্রেনের জয়ের স্বপ্ন ম্লান হয়ে যাচ্ছে!

**টিম লিস্টার**

গত বছরের ঘটনা। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেনের সঙ্গে সাক্ষাতের উদ্দেশ্যে বাখমুতের যুদ্ধক্ষেত্র থেকে সোজা মার্কিন মুলুকে উড়ে যান ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। সফরকালে ভাষণ দেন মার্কিন কংগ্রেসে। ঐ ঘটনার পর বিভিন্ন মহল থেকে বেশ প্রশংসা পেয়েছিলেন রুশ বাহিনীকে ধরাশায়ী করতে দৃঢ়প্রতিজ্ঞ জেলেনস্কি। কুড়িয়েছিলেন সত্যিকারের বীরের তকমা। রাশিয়ার আগ্রাসন প্রতিহত করার প্রশ্নে যুক্তরাষ্ট্রের দুই রাজনৈতিক দল ডেমোক্রেটিক পার্টি ও রিপাবলিকানের অকুণ্ঠ সমর্থনও পেয়েছিলেন। তবে আজ যেন সেই সব ইতিহাস! জেলেনস্কির প্রতি মার্কিন দৃষ্টিভঙ্গি সাম্প্রতিক সময়ে পালটে গেছে বলেই মনে হচ্ছে। দক্ষিণাঞ্চলের লড়াইয়ে প্রত্যাশা অনুযায়ী সাফল্য পাচ্ছে না ইউক্রেনীয় বাহিনী। অন্যান্য ফ্রন্টেও কিয়েভের অবস্থা আশানুরূপ ভালো নয়। এক্ষেত্রে রাশিয়া বেশ এগিয়ে। আন্তর্জাতিক নিষেধাজ্ঞা এখন পর্যন্ত ভালোই মোকাবিলা করে চলেছে মস্কো। ফলে রাশিয়ার অর্থনীতিও চলছে স্বাভাবিক গতিতে। যুদ্ধক্ষেত্রে রুশ সেনাদের হতাহত ও আর্থিক ক্ষয়ক্ষতি ক্রেমলিনকে যে একেবারেই ভোগাচ্ছে না, তা নয়। তবে মানতে হবে, পরিস্থিতি বিবেচনায় লড়াইয়ে সুবিধাজনক অবস্থায় রয়েছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনই। ইউক্রেনীয় সামরিক বাহিনীর কৌশলগত ও প্রযুক্তিগত সক্ষমতাকে ভোঁতা করে দিচ্ছে রুশ সেনারা। ইউক্রেনের শীর্ষ জেনারেলদের বিভিন্ন বক্তব্য-বিবৃতিতেও বিষয়টি পরিষ্কার বোঝা যায়।

অবস্থাদৃষ্টে মনে হচ্ছে, মস্কোর মেজাজ বেশ চড়া! যে লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে ইউক্রেনের মাটিতে 'বিশেষ সামরিক অভিযান' পরিচালনার পথে পা বাড়ান প্রেসিডেন্ট পুতিন, তা অর্জন না করা পর্যন্ত লড়াই চলবে বলেই দৃশ্যমান। ক্রেমলিনের ধারণা সম্ভবত এমন, লম্বা সময় ধরে যেসব ফ্রন্টে লড়াই চলছে, সেগুলোতে রুশ আধিপত্য ধরে রাখা গেলে কিয়েভের পশ্চিমা সমর্থকদের মধ্যে আরো বেশি চিড় ধরবে। রাশিয়ার দখলে থাকা ইউক্রেনের ১৭ শতাংশ অঞ্চল পুনরুদ্ধারসহ যুদ্ধে বিজয়ী হবে কিয়েভ–পশ্চিমের এমন মনোভাবও ঢেকে যাবে ঘনীভূত সংশয়ের চাদরে।

কিয়েভকে সমর্থন করার প্রশ্নে ওয়াশিংটনে যা ঘটছে, তাতে পুতিন যারপরনাই খোশমেজাজে রয়েছেন–এ কথা বলতেই হয়। ইউক্রেনকে প্রতিশ্রুত ৬১ বিলিয়ন ডলার সাহায্য পাঠানোর বিষয়ে রিপাবলিকান পার্টির অনেক নেতা আগের অবস্থানেই রয়েছেন। তাদের সাফ কথা, বাইডেন প্রশাসনের এই উদ্যোগ যুদ্ধক্ষেত্রে কিয়েভকে খুব একটা সুবিধা এনে দিতে পারবে না বিধায় এসব করার কোনো মানেই হয় না।

পশ্চিমা পক্ষ থেকে কিয়েভের জন্য যে একটা বড় ধাক্কা আসবে, তা বহু আগেই বলে রেখেছেন পুতিন। মনে থাকার কথা, বছরব্যাপী যুদ্ধ চলার পর এক সংবাদ সম্মেলনে ইউক্রেন ও তার পশ্চিমা মিত্রদের উপহাস করে কথা বলেছিলেন পুতিন। তার ভাষায়, 'ইউক্রেনের নিজের কিছু নেই। কোনো ক্ষমতা নেই। সবকিছুই আসছে পশ্চিম থেকে। তবে এটা একদিন বন্ধ হয়ে যাবে। মনে হচ্ছে, সময়টা খুব কাছেই।'

পুতিনের মুখে এ ধরনের কথা নিয়মিতই শুনতে পাওয়া যায় বটে। তবে এতে যে কিয়েভের ওপর কোনো প্রভাব পড়ে না, তেমন কথা বলা যাবে না। একটা পর্যায়ে আমরা দেখেছি, হাঙ্গেরির প্রধানমন্ত্রী ভিক্টর অরবানের হস্তক্ষেপে ইউক্রেনের জন্য প্রতিশ্রুত ৫৫ বিলিয়ন ইইউ আর্থিক সহায়তার প্যাকেজ অবরুদ্ধ হয়ে পড়ে। এক জার্মান রাজনীতিবিদ এ নিয়ে মজা করতেও ছাড়েননি। তিনি বলেছিলেন, 'এসব করে লাভ কী? পুতিন তো মাথার ওপরেই চেপে বসে আছেন! ফলে সব ব্যয় পানিতে পড়বে। তাছাড়া ইউক্রেনকে সহায়তা করা মানে নিজেদের ঝুঁকির মধ্যে ফেলে দেওয়া।'

এ ধরনের কথা কি কেবল কথার কথা? অবশ্যই না। আমরা লক্ষ করছি, জেলেনস্কি যেন ক্রমশ ক্লান্ত হয়ে পড়ছেন। তার সাম্প্রতিক কথাবার্তা শুনলে বিষয়টি পরিষ্কার বোঝা যায়। মনে রাখতে হবে, ইউক্রেনের প্রথম ব্যক্তি হিসেবে আগামী দিনগুলোতে তাকে পাড়ি দিতে হবে 'এক কঠিন রাস্তা'। তার কাজকে কঠিন করে তুলেছে মূলত মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক ঘটনাগুলো। ফলে 'ইউক্রেন সমস্যা' এখন আর 'এক নম্বর আন্তর্জাতিক সংকট' হিসেবে বিশ্বের মনোযোগের কেন্দ্রবিন্দতে নেই।

যুদ্ধের প্রথম বর্ষপূর্তিতে জেলেনস্কি কী বলেছিলেন, মনে পড়ে? তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন, '২০২৩ সাল হবে আমাদের বিজয়ের বছর।' জেলেনস্কির সেই আশা কি বাস্তবতার মুখ দেখেছে? অর্থাত্, ২০২৪ সাল নিয়ে যে তিনি কোনো পূর্বাভাস দেবেন না, তা অনুমেয়। বরং আগামী বছর তার দুর্দশা বাড়বে বই কমবে না। চলতি ডিসেম্বর মাসের অবস্থা সে কথাই বলছে। বিশেষত বিগত কয়েক দিন ধরে রাশিয়া যেভাবে বড় পরিসরে বিমান হামলা চালাচ্ছে, তাতে করে এটাই যুক্তিযুক্ত পূর্বাভাস।

শুক্রবার (২৯ ডিসেম্বর) ইউক্রেন জুড়ে হাইপারসনিক কিনজালসহ মোট ১৫৮টি ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে রাশিয়া। এতে কমপক্ষে ১৮ জন নিহত হয়েছে। আহত মানুষের সংখ্যাও কম নয়। জেলেনস্কির ভাষ্যমতে, 'হামলা চালাতে অস্ত্রাগারে থাকা প্রায় সব ধরনের অস্ত্র ব্যবহার করেছে মস্কো।' অর্থাত্, যেভাবে আগ্রাসী মনোভাব নিয়ে হামলা চালাতে দেখা যাচ্ছে পুতিন বাহিনীকে, তাতে করে সামনের দিনগুলোতে কী ধরনের আক্রমণ চলতে পারে, সে বিষয়ে ভালোমতোই আন্দাজ করা যায়।

পুতিনের রাশিয়া যে অতিমাত্রায় ভালো আছে, তেমনও নয়। অভ্যন্তরীণ অস্থিরতা দুর্বলতা বাড়াচ্ছে মস্কোর। দীর্ঘমেয়াদি দ্বন্দ্ব, ক্ষোভ তৈরি হচ্ছে একটু একটু করে। দেশত্যাগ ও যুদ্ধক্ষেত্রে ক্ষয়ক্ষতি–এ দুই বিষয় ভোগাবে পুতিনকে। সংকট ইতিমধ্যে বেশ ঘনীভূত আকার ধারণ করেছে। তথ্য বলছে, ২০২২ সাল থেকে রাশিয়া ছেড়েছে প্রায় সাড়ে ৭ লাখ মানুষ। বিশ্লেষকেরা মনে করছেন, রাশিয়ায় আসন্ন নির্বাচনে পুতিন বিজয়ী হবেন বটে, কিন্তু এসবের একটা নেতিবাচক প্রভাব রয়েই যাবে। শ্রমের ঘাটতির ফলে সৃষ্ট ক্রমবর্ধমান মজুরি ও মূল্যস্ফীতির মতো বিষয় আটকানো কঠিন হবে পুতিনের জন্য।

জানিয়ে রাখা দরকার, পশ্চিমা নিষেধাজ্ঞা ভালোভাবে এড়িয়ে শিল্প উত্পাদনের চাকা সচল রাখার মাধ্যমে রাশিয়ার অর্থনীতি চাঙ্গাভাব বজায় রেখে চলেছে। তবে বেশির ভাগ অর্থই ব্যয় হয়ে যাচ্ছে যুদ্ধক্ষেত্রের ক্ষয়ক্ষতি সামলানোর কাজে। এর ফলে আগামী বাজেট ঘাটতির সম্মুখীন হতে পারে। অর্থাত্, রাশিয়ার অর্থনীতির জন্য খারাপ সংবাদ অপেক্ষা করছে। পুতিনের ক্ষমতা ধরে রাখার ক্ষেত্রেও এটা বড় ধরনের চ্যালেঞ্জ তৈরি করবে। যদিও অর্থনীতিবিদ জন মেনার্ড কেইনসের কথা অনুযায়ী, 'দীর্ঘ মেয়াদে আমরা সবাই মৃত।'

আগামী বছরের মার্চে রাশিয়ায় অনুষ্ঠিতব্য নির্বাচন একটি আনুষ্ঠানিকতামাত্র। কারণ, ক্ষমতায় পুতিনই থাকবেন। অন্যদিকে, '২৪ সালের নভেম্বরে অনুষ্ঠিতব্য নির্বাচনে জয়লাভের মাধ্যমে দ্বিতীয় মেয়াদে মার্কিন প্রেসিডেন্টের চেয়ারে বসতে বছরব্যাপী একপ্রকার মরিয়া চেষ্টা চালিয়ে আসছেন ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্প কোনোভাবে ক্ষমতায় এলে ইউক্রেন যুদ্ধের চিত্র আমূল পালটে যাবে। কিয়েভের দুঃস্বপ্ন-যাত্রার মধ্য দিয়ে শুরু হবে মস্কোর স্বপ্নপূরণের পথে এগিয়ে চলা। যুক্তরাষ্ট্রের কাছ থেকে ইউক্রেন আর তেমন একটা সহায়তা পাবে বলে মনে হচ্ছে না। বরং বিষয়টি ক্রমশ জট পাকিয়ে যাচ্ছে।

ডেমোক্র্যাটদের মধ্য থেকেও কেউ কেউ এর বিরোধিতা করতে শুরু করেছেন। ডেমোক্রেটিক সিনেটর ক্রিস মারফির কথা এ ক্ষেত্রে উল্লেখ করতে হয়। 'আমরা ইউক্রেনকে পরিত্যাগ করতে চলেছি'–মারফির এ ধরনের কথার মানে কী? মজার ব্যাপার হলো, ইউক্রেনকে সমর্থন বা সাহায্য করার প্রশ্নে পশ্চিমারা বরাবরই মন্ত্রের মতো করে বলে এসেছে, 'যত দিন লাগে' আমরা সাহায্য করে যাব। তবে সময় সম্ভবত বদলে যাচ্ছে।

দিন কয়েক আগে খোদ জেলেনস্কির পাশে দাঁড়িয়েই বাইডেনকে বলতে শোনা গেছে, 'যত দিন পারে' যুক্তরাষ্ট্র ইউক্রেনকে সমর্থন করবে। ইউক্রেনের জন্য হিসাব মেলানো কঠিন হয়ে যাচ্ছে বইকি। সুতরাং বিশ্লেষক উপসংহারে এটা বলা যায়, যুদ্ধে ইউক্রেনের বিজয়লাভের স্বপ্ন ক্রমশ ম্লান হয়ে যাচ্ছে।

***সিএনএন থেকে অনুবাদ***



# মাধ্যমিক ২০২৪

## গণিতে সর্বোচ্চ নম্বর পাওয়ার কৌশল এবং নির্বাচিত গুরুত্বপূর্ণ প্রশ্ন-গুচ্ছ



স্কুলের টেস্ট পরীক্ষা শেষ। সামনে মাধ্যমিক। এবার আপনজনের পাতায় শুরু হলো নির্বাচিত গুরুত্বপূর্ণ প্রশ্ন-গুচ্ছ, সর্বোচ্চ নম্বর তোলার কৌশল, এছাড়াও থাকবে মডেল প্রশ্ন, তাছাড়াও সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর। পরীক্ষার্থীদের জন্য সস্নেহে এগুলি প্রস্তুত করেছেন সাতটি বিষয়ের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা। সম্পাদনা করেছেন গৌরাঙ্গ সরখেল। এ সপ্তাহের বিষয় গণিত। প্রস্তুত করেছেন **নায়ীমুল হক**, শিক্ষক, হরিনাভি ডিভিএএস হাই স্কুল।

1. **নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর** : 1x6

i) এক ব্যক্তি একটি ব্যাংকে 10000 টাকা জমা রেখে 2 বছর পর সমূলচক্রবৃদ্ধি পেলেন 12100 টাকা। বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার –

(a) 5% (b) 7% (c) 10% (d) 12%

উত্তরঃ (c) 10%

ii) (5x − 3y) : (2x + 4y) = 11 : 12 হলে, x : y = কত?

(a) 20:19 (b) 21:19 (c) 23:19 (d) 40:19

উত্তরঃ (d) 40:19

iii) O হল বৃত্তের কেন্দ্র এবং চাপ ABC কেন্দ্রে 120º একটি কোণ উৎপন্ন করে। AB কে M পর্যন্ত প্রসারিত করা হয়, তাহলে MBC এর মান হল –

(a) 60º (b) 75º (c) 40º (d) 55º

উত্তর: (a) 60º

iv) x ও y পরস্পর পূরক কোন হলে -

(a) sin x = sin y
(b) tan x = tan y
(c) cos x = cos y
(d) sec x = cosec y

উত্তর: (d) sec x = cosec y

v) একটি টুপি লম্ব বৃত্তাকার শঙ্কু আকারের। এর ভূমির ব্যাসার্ধ 7 সেমি এবং উচ্চতা 24 সেমি। 10 টি একই মাপের টুপি তৈরি করতে প্রয়োজনীয় কাপড়ের ক্ষেত্রফল হল-

(a) 6500 বর্গসেমি
(b) 5500 বর্গসেমি
(c) 4750 বর্গসেমি
(d) 3000 বর্গসেমি

উত্তর : (b) 5500 বর্গসেমি

vi) 40,44,45,46, 47,48,49,50 এই তথ্যে 45 না থাকলে মধ্যমা বৃদ্ধি পায় -

(a) 3.5
(b) 2.5
(c) 1.5
(d) 0.5

উত্তর : (d) 0.5

2. শূন্যস্থান পূরণ করো ( যেকোনো পাঁচটি) : 1x5=5

i) কোন আসলের বার্ষিক r%Δ চক্রবৃদ্ধি হার সুদে দু বছরের সবৃদ্ধিমূল আসলের 1.44 গুণ হলে, সুদের হার হয় ________।

উত্তর : 20 %

ii) দুটি দ্বিঘাত করণীর যোগফল ও গুনফল মূলদ সংখ্যা হলে, করণীদ্বয় ________ করণী।

উত্তর : অনুবন্ধী

iii) একটি আয়তঘনকের শীর্ষবিন্দু সংখ্যা, তলের সংখ্যা ও ধারের সংখ্যা যথাক্রমে A,B,C হলে, 3(A+C) − 10B = ________।

উত্তর : 0

iv) বৃত্তের কোনো জ্যা-এর লম্ব-সমদ্বিখণ্ডক ওই বৃত্তের ________ গামী।

উত্তর : কেন্দ্র

v) $\cos 85^0 . \cos 5^0 -- \sin 85^0 . \sin 5^0$ = ________

উত্তর : 0

vi) পরিসংখ্যা তথ্যে রাশির সর্বোচ্চ ও সর্বনিম্ন স্কোরের পার্থক্যকে ________ বলা হয়।

উত্তর : বিচ্যুতি

3. সত্য বা মিথ্যা লেখো (যে কোনো পাঁচটি) : 1x5=5

(i) এক বছরে আসল ও সুদ আসলের অনুপাত 8:9 হলে বার্ষিক সরল সুদের হার 12.5%

উত্তর : সত্য

(ii) $px^2+qx+r=0$ $(p\neq0)$ সমীকরণের বীজদ্বয় পরস্পর অনোন্যক হলে, p=r হয়।

উত্তর: সত্য

(iii) যে কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজকে ব্যাস ধরে বৃত্ত আঁকলে, বৃত্তটি সমকৌণিক বিন্দু হয়ে যাবে।

উত্তর : সত্য

(iv) 6মি X 3মি X 2মি আয়তঘনাকার একটি ঘরের ভিতর দীর্ঘতম যে মই রাখা সম্ভব, তার দৈর্ঘ্য হল 11 মিটার।

উত্তর : মিথ্যা

(v) সূর্যের উন্নতি কোণ বৃদ্ধি পেলে কোনো পোস্টের ছায়ার দৈর্ঘ্য সাথে সাথে বৃদ্ধি পায়।

উত্তর : মিথ্যা

(vi) 7, x−3, 10, x+3 এবং x−5 এর যৌগিকগড় 15 হলে, ওই রাশিতথ্যগুলির মধ্যমা হবে 22

উত্তর : মিথ্যা

4. যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও 2X10=20

(i) বার্ষিক নির্দিষ্ট শতকরা চক্রবৃদ্ধি হার সুদে কিছু টাকা t বছরে তিন গুণ হলে কত বছরে তা 27 গুণ হবে, তা নির্ণয় কর।

উত্তর :3t

(ii) একটি যৌথ ব্যবসায়ে A এবং B-এর মূলধনের অনুপাত 11: 12 এবং তাদের লভ্যাংশের অনুপাত 3:4 ; যদি B-এর মূলধন ব্যবসায়ে 11 মাসের জন্য খাটে, তবে A-এর মূলধন কত সময়ের জন্য খেটেছিল?

উত্তর : 9মাস

(iii) যদি $x \propto y$, $z \propto y$ হয়, তবে দেখাও যে $x \propto z$

(iv) $x^2-2x+1=0$ সমীকরণটির বিজদ্বয় α, β হলে, $1/\alpha + 1/\beta$ = কত?

উত্তর : 2

(v) 10 সেমি ব্যাসার্ধ বিশিষ্ট দুটি সমান বৃত্ত পরস্পরকে ছেদ করে এবং তাদের সাধারণ জ্যা-এর দৈর্ঘ্য 12 সেমি হলে বৃত্ত দুটির কেন্দ্রদ্বয়ের মধ্যে দূরত্ব নির্ণয় করো।

উত্তর : 16 সেমি

(vi) কেন্দ্র থেকে 26 সেমি দূরে অবস্থিত একটি বিন্দু থেকে কোনো বৃত্তের উপর স্পর্শক অঙ্কন করা হলো এবং স্পর্শকটির দৈর্ঘ্য 10 সেমি হলে বৃত্তটির ব্যাস কত হবে?

উত্তর : 48 সেমি

(vii) ABCD একটি বৃত্তস্থ চতুর্ভুজ। $\angle BAD=65^0$, $\angle ABD=70^0$, $\angle BDC=45^0$ হলে $\angle DBC$= কত?

উত্তর : $20^0$

(viii) $\sin\alpha = \cos\beta$ হলে $\sin(\alpha+\beta)$ = কত?

উত্তর : 1

(ix) $\tan(A+15^0)=\sqrt{3}$ হলে $\sin A + \cos A$ = কত?

উত্তর : $\sqrt{2}$

(x) একটি গোলকের আয়তন ও তার বক্রতলের সাংখ্যমান সমান হলে তার ব্যাস কত?

উত্তর : 6একক

(xi) একটি শঙ্কু এবং একটি চোঙের ব্যাসার্ধ সমান। কিন্তু শঙ্কুর উচ্চতা চোঙের উচ্চতার দ্বিগুণ। শঙ্কু এবং চোঙের আয়তনের অনুপাত নির্ণয় করো।

উত্তর : 2:3

(xii) 1, 8, 15, 18, x+2, x+4, 30, 42, 45, 51 উর্ধ্বক্রমে সাজানো সংখ্যাগুলির মধ্যমা 25 হলে x-এর মান নির্ণয় করো।

উত্তর : 22

5. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও: 1x5=5

i) কোনো মূলধনের 2 বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদ যথাক্রমে 840 টাকা এবং 869.40 টাকা হলে, ওই মূলধনের পরিমাণ ও বার্ষিক সুদের হার নির্ণয় করো।

উত্তর : 6000 টাকা, 7%

ii) A ও B যথাক্রমে 6200 টাকা ও 10000 টাকা দিয়ে একটি যৌথ ব্যবসা শুরু করল। তারা ঠিক করলো ব্যবসা দেখাশোনা করার জন্য A লাভের 20% পাবে এবং বাকি লাভের 10% সঞ্চয় বাবদ গচ্ছিত থাকবে। তার পর বাকি লভ্যাংশ মূলধন অনুপাতে ভাগ হবে। বছর শেষে 45,000 টাকা লাভ হলে A মোট কত টাকা পাবে?

উত্তর : 21,400 টাকা

6. যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1X3=3

i) x + 1/x = 626/25

উত্তর : 25 বা 1/25

ii) একটি ধনাত্মক পূর্ণ সংখ্যা থেকে তার ধনাত্মক বর্গমূল বিয়োগ করলে বিয়োগফল 90 হয়, সংখ্যাটি নির্ণয় করো।

উত্তর : 100

7. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x3=3

i) $x=\sqrt{3}+\sqrt{2}$ এবং xy=1 হলে $(x+y)^2 + (x-y)^2$ -এর বর্গমূল কত?

উত্তর : $\pm 2\sqrt{5}$

ii) কোনো বৃত্তের ক্ষেত্রফল তার ব্যাসার্ধের বর্গের সঙ্গে সরল ভেদে আছে। যখন বৃত্তের ব্যাসার্ধ 7সেন্টিমিটার তখন তার ক্ষেত্রফল হয় 154 বর্গ সেন্টিমিটার। যে বৃত্তের ব্যাসার্ধ 14 সেন্টিমিটার তার ক্ষেত্রফল ভেদতত্ত্ব প্রয়োগে নির্ণয় করো।

উত্তর : 616 বর্গ সেন্টিমিটার

8. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x3=3

i) a:b=b:c হলে, দেখাও যে, $(a+b+c)(a-b+c) = a^2+b^2+c^2$

ii) যদি x/(y+z) = y/(z+x) = z/(x+y) হয়, তবে প্রমাণ করো যে প্রতিটি অনুপাত এর মান 1/2 অথবা (−1)এর সমান।

9. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x3=3

i) পিথাগোরাসের উপপাদ্যটি বিবৃত করো ও প্রমাণ করো।

ii) প্রমাণ করো যে কোনো সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে, এই লম্বের উভয় পার্শ্বস্থিত ত্রিভুজদ্বয় সদৃশ এবং ওই ত্রিভুজগুলির প্রত্যেকে মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ।

10. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x3=3

i) ABCD আয়তক্ষেত্রের অভ্যন্তরে অবস্থিত যে কোন বিন্দু O হলে, প্রমাণ করো $OA^2 + OC^2 = OB^2 + OD^2$.

ii) O কেন্দ্র বিশিষ্ট একটি বৃত্তের AB একটি ব্যাস। বৃত্তের উপর অবস্থিত একটি বিন্দু P, PN সরলরেখা AB-এর উপর লম্ব হলে প্রমাণ করো যে, $PB^2$ = AB.BN

11. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x3=3

i) জ্যামিতিক উপায়ে $\sqrt{24}$-এর মান নির্ণয় করো। (কেবলমাত্র অংকন চিহ্ন দিতে হবে)

ii) 2.6 সেন্টিমিটার দৈর্ঘ্যের ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্ত অঙ্কন করো। ওই বৃত্তের কেন্দ্র থেকে 5.7 সেন্টিমিটার দূরে ওই বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে বৃত্তটিতে একটি স্পর্শক অঙ্কন করো।

12. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 3x2=6

i) $x=z\sec\theta$ এবং $y=z\tan\theta$ হলে, দেখাও যে $x^2 = y^2 + z^2$.

ii) যদি $\sin\theta + \sin^2\theta = 1$ হয়, তাহলে প্রমাণ করো যে $\cos^2\theta + \cos^4\theta = 1$.

iii) $\sec17^0 \times \sin73^0 \times \tan65^0 \times \tan25^0 + \cos^2 46^0 + \cos^2 44^0$

উত্তর : 2

13. যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 1x5=5

i) 18 মিটার উঁচু পাঁচতলা একটি বাড়ির ছাদ থেকে একটি মনুমেন্টের চূড়ার উন্নতি কোণ $45^0$ এবং মনুমেন্টের পাদদেশের অবনতি কোণ $60^0$ হলে, মনুমেন্টের উচ্চতা নির্ণয় করো। [$\sqrt{3}$=1.732]

উত্তর: 28.392 মিটার

ii) একটি চিমনির সঙ্গে একই সমতলে অবস্থিত অনুভূমিক সরলরেখার কোনো বিন্দু থেকে চিমনির দিকে 50 মিটার এগিয়ে যাওয়ায় তার চূড়ার উন্নতি কোণ $30^0$ থেকে $60^0$ হল। চিমনির উচ্চতা কত?

উত্তর : 43.31মিটার

14. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : 4x3=8

i) একটি ফাঁপা লম্ব বৃত্তাকার চোঙাকৃতি নলের বহিঃব্যাসার্ধের দৈর্ঘ্য 5 সেন্টিমিটার এবং অন্তঃব্যাসার্ধের দৈর্ঘ্য 4 সেন্টিমিটার। নলটির সমগ্রতলের ক্ষেত্রফল 1188 বর্গ সেন্টিমিটার হলে নলটির দৈর্ঘ্য নির্ণয় করো।

উত্তর : 20 সেন্টিমিটার

ii) 9 সেন্টিমিটার দৈর্ঘ্যের অন্তঃব্যাসার্ধ বিশিষ্ট একটি অর্ধ গোলাকার পাত্র সম্পূর্ণ জলপূর্ণ আছে। এই জল 3 সেন্টিমিটার দৈর্ঘ্যের ব্যাস এবং 4 সেন্টিমিটার উচ্চতা বিশিষ্ট চোঙাকৃতি বোতলে ভর্তি করা হল। পাত্রটি খালি করতে এরকম কতগুলি বোতল প্রয়োজন হবে?

উত্তর: 54টি

iii) একটি লম্ব বৃত্তাকার শঙ্কুর ভূমিতলের ব্যাস 2100 সেন্টিমিটার এবং উচ্চতা 14 মিটার। প্রতি বর্গমিটার 1.50 টাকা হিসাবে পার্শ্বতল রং করতে কত টাকা খরচ হবে?

উত্তর : 866.25 টাকা




# গণিত সাজেশন



স্কুলের টেস্ট পরীক্ষা শেষ। সামনে মাধ্যমিক। এবার আপনজনের পাতায় শুরু হলো নির্বাচিত গুরুত্বপূর্ণ প্রশ্ন-গুচ্ছ, সর্বোচ্চ নম্বর তোলার কৌশল, এছাড়া থাকবে মডেল প্রশ্ন, তাছাড়াও সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর। পরীক্ষার্থীদের জন্য সস্নেহে এগুলি প্রস্তুত করেছেন সাতটি বিষয়ের অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকারা। এ সপ্তাহের বিষয় গণিত। গণিতের সাজেশন প্রস্তুত করেছেন বিশিষ্ট গণিত শিক্ষক **গৌরাঙ্গ সরখেল**।

**বীজগণিত**

সমাধান করো:- 1. x/(x+1)+(x+1)/x=25/2 , 2. ((x+a)/(x-a))² −5((x+a)/(x−a))²+6=0 ,(x≠a) 3. (1/x)−(1/(x+b))=(1/a)−(1/(a+b)) ,x≠0,b 4. ((a/(x−a))+(b/(x−b))=(2c/(x−c)) ,x≠a, b,c

5. দুই অংক বিশিষ্ট একটি সংখ্যার একক স্থানীয় অংকটি দশক স্থানীয় অপেক্ষা 6 বেশি এবং অঙ্কদ্বয়ের গুণফল সংখ্যাটি থেকে 12 কম। সংখ্যাটি কত?

6. কলমের মূল্য প্রতি ডজনে 6 টাকা কমলে 30 টাকায় আরো 3টি বেশি কলম পাওয়া যাবে। কমার পূর্বে প্রতি ডজন কলমের মূল্য নির্ণয় কর।

7. যদি একটি অখন্ড ধনাত্মক সংখ্যার 5 গুণ তার বর্গের দ্বিগুণ অপেক্ষা 3 কম হয় তবে সংখ্যাটি নির্ণয় কর।

8. $(b-c)x^2+(c-a)x+(a-b)=0$ দ্বিঘাত সমীকরণের বীজতয় সমান হলে প্রমাণ কর 2b=c+a

9. $x^2+x+1=0$ সমীকরনটির বীজগুলির বর্গ যে সমীকরণের বীজ, সেই সমীকরণটি নির্ণয় কর।

10. a,b,c,d ক্রমিক সমানুপাতী হলে প্রমাণ কর $(b-c)^2+(c-a)^2+(b-d)^2=(a-d)^2$

11. x=8ab/(a+b) হলে (x+4a)/(x−4a)+(x−4b)/(x+4b) এর মান নির্ণয় কর।

12. (a+b−c)/(a+b)=(b+c−a)/(b+c)=(c+a−b)/(c+a) হলে প্রমাণ কর a=b=c।

13. $x=(\sqrt{7}+\sqrt{3})/(\sqrt{7}-\sqrt{3})$ এবং xy=1 হলে $(x^2+xy+y^2)/(x^2-xy+y^2)$ এর মান কত? 14. সরল কর: $(3\sqrt{20}+2\sqrt{28}+\sqrt{12})/(5\sqrt{45}+2\sqrt{175}+\sqrt{75})$

15. গোলকের আয়তন গোলকের ব্যাসার্ধের দ্বিঘাতের সাথে সরল ভেদে আছে। যদি3/2 ,2এবং 5/2 মিটার ব্যাসের গোলককে গলিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হয় তবে নতুন গোলকের ব্যাসের দৈর্ঘ্য কত?

16. 15 জন কৃষক 5 দিনে 18 বিঘা জমি চাষ করতে পারেন ।ভেদ তত্ত্বের সাহায্যে 10 জন কৃষকের 12 বিঘা জমি চাষ করতে কতদিন লাগবে?

**পাটিগণিত**

1. কোন ব্যাংকে বার্ষিক 5% হারে সরল সুদ দেয় ।ওই ব্যাংকে দীপু বাবু বছরের প্রথমে 15000 টাকা জমা দেওয়ার 3 মাস পরে তিন হাজার টাকা তুলে নিলেন ,এবং টাকা তুলে নেয়ার তিন মাস পরে আবার তিনি আট হাজার টাকা জমা দিলেন। ওই বছরের শেষে তিনি সুদে আসলে কত টাকা পাবেন?

2. রবিন বাবু মোট 370000 টাকা তিনটি ব্যাংকে জমা রাখেন। তিনটি ব্যাংকের বার্ষিক সরল সুদের হার যথাক্রমে 4%,5% এবং 6% ;এক বছর পর তার তিনটি ব্যাংকে মোট সুদের পরিমাণ সমান হয়। তিনি কোন ব্যাংকে কত টাকা জমা রেখেছিলেন ?

3. রহমত চাচা একটি বাড়ি তৈরি করার জন্য বার্ষিক 12% সরল সুদের হারে 240000 টাকা ব্যাংক থেকে ধার নেন। ধার নেয়ার এক বছর পর তিনি বাড়িটি প্রতিমাসে পাঁচ হাজার দুশো টাকায় ভাড়া দেন ।ধার নেয়ার কত বছর পরে তিনি বাড়ি ভাড়ার আয় থেকে ব্যাংকের টাকা সুদসহ শোধ করবেন তা হিসেব করো ।

4. যদি 292 টাকার একদিনের সুদ 5 পয়সা হয় তবে বার্ষিক শতকরা সরল সুদের হার নির্ণয় কর ।

5. ফতেমা বিবি, একটি মাসিক সঞ্চয় প্রকল্পে প্রতিমাসের প্রথম দিনে 100 টাকা করে জমা করেন। তিনি এভাবে এক বছর টাকা জমা রাখলেন ।যদি বার্ষিক সরল সুদের হার 6% হয়, তাহলে বছরের শেষে তিনি সুদে -আসলে কত টাকা হাতে পাবেন?

6. কোন মূলধনের দু'বছরের সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদ যথাক্রমে 840 টাকা এবং 869.40 টাকা হলে ,ওই মূলধনের পরিমাণ ও বার্ষিক সুদের হার নির্ণয় কর।

7. সুদের পর্ব 6 মাস হলে বার্ষিক 10% চক্রবৃদ্ধি হার সুদে 1600 টাকার দেড় বছরের চক্রবৃদ্ধি সুদ ও সুদ -আসল নির্ণয় কর।

8. রোকিয়া বিবি তিরিশ হাজার টাকা তিন বছরের জন্য এমনভাবে ধার করলেন যে প্রথম দ্বিতীয় ও তৃতীয় বছরে বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার যথাক্রমে 4%, 5% ও 6%; 3 বছরের শেষে রোকিয়া বিবি সুদে-আসলে কত টাকা জমা দেবেন।

9. বোতল ভর্তি ঠান্ডা পানীয় ব্যবহারের উপর বিরূপ প্রতিক্রিয়া প্রচারের ফলে প্রতিবছর তার পূর্ববর্তী বছরে তুলনায় ওই ঠান্ডা পানীয় ব্যবহারকারীর সংখ্যা 25% হ্রাস পায়। 3 বছর পূর্বে কোন শহরে ঠান্ডা পানীয় ব্যবহারকারী সংখ্যা 80000 হলে, বর্তমান বছরে ঠান্ডা পানীয় ব্যবহারকারীর সংখ্যা কত হবে হিসেব করে বল।

10. একটি শহরের বর্তমান জনসংখ্যা 576000 যদি জনসংখ্যা প্রতি বছর 6.33% হিসাবে বাড়ে তাহলে দুই বছর আগে জনসংখ্যা কত ছিল নির্ণয় কর।

11. বছরের প্রথমে অরুণ ও অজয় যথাক্রমে 24000 টাকা ও 30000 টাকা দিয়ে যৌথভাবে ব্যবসা শুরু করেন। কিন্তু কয়েক মাস পরে অরুণ আরো 12000 টাকা ওই ব্যবসায় মূলধন দেন ।বছরের শেষে ওই ব্যাবসায় 14030 টাকা লাভ হলো এবং অরুন 7130 টাকা লভ্যাংশ পেলেন, অরুণ কত মাস পরে ব্যবসায় টাকা দিয়েছিলেন?

12. তিন বন্ধু যথাক্রমে 120000টাকা,150000 টাকা ও 110000 টাকা মূলধন নিয়ে একটি বাস ক্রয় করেন ।প্রথমজন ড্রাইভার ও বাকি দুজন কন্ডাক্টারের কাজ করেন ।তারা ঠিক করেন যে মোট আয় এর 2/5 অংশ কাজের জন্য 3:2:2 অনুপাতে ভাগ করবেন এবং বাকি টাকা মূলধনের অনুপাতে ভাগ করে নেবেন ।কোন এক মাসে যদি 29260 টাকা আয় হয়, তবে কে, কত টাকা পাবেন হিসেব করে বলো।

13. মদন, দীপক ও পৃথা যথাক্রমে 6000 টাকা,8000 টাকা ও 9000 টাকা মূলধন নিয়ে একত্রে একটি ব্যবসা আরম্ভ করল। কয়েক মাস পরে মদন 3000 আরো টাকা লগ্নী করল। বছরের শেষে 3000 টাকা লাভ হল এবং পৃথা 1080 টাকা লভ্যাংশ পেল, মদন 3000 টাকা কখন লগ্নি করেছিল নির্ণয় কর।

**জ্যামিতি**

1. প্রমাণ কর যে ব্যাস নয় এরূপ কোন জ্যা-কে যদি বৃত্তের কেন্দবিন্দুগামী কোন সরলরেখা সমদ্বিখণ্ডিত করে তাহলে ওই সরলরেখা ওই জ্যা -এর উপর লম্ব হবে।

2. প্রমাণ কর কোন বৃত্তের একটি বৃত্তচাপ দ্বারা গঠিত সম্মুখ ও বিন্দুঃস্থ কোণ ওই চাপের দ্বারা গঠিত যেকোনো বৃত্তস্থ কোণের দ্বিগুণ।

3. প্রমাণ কর একই বৃত্তাংশস্থ সকল বৃত্তস্থ কোণের মান সমান।

4. প্রমাণ কর অর্ধবৃত্তস্থ কোন সমকোণ।

5. প্রমাণ কর যদি দুটি বৃত্ত পরস্পরকে বহি:স্পর্শ করে তাহলে স্পর্শবিন্দু দুটি কেন্দ্র দুটি সংযোজক সরলরেখাংশের ওপর অবস্থিত।

6. প্রমাণ কর যে কোন সমকোণী ত্রিভুজের সমকৌণিক বিন্দু থেকে অতিভুজের উপর লম্ব অঙ্কন করলে ওই উভয় পার্শ্বস্থিত ত্রিভুজদ্বয় সদৃশ এবং ঐ ত্রিভুজগুলির প্রত্যেকে মূল ত্রিভুজের সঙ্গে সদৃশ।

7. পৃথাগরাসের উপপাদ্যটি বিবৃত সহ প্রমাণ কর।

8. কোন বৃত্তের দুটি সমান জ্যা কেন্দ্র থেকে সম দূরবর্তী প্রমাণ কর।

9. ABC সমবাহু ত্রিভুজটি একটি বৃত্তে অন্তর্নিহিত BC উপচাপের ওপর P যেকোনো একটি বিন্দু। প্রমাণ কর PA=PB+PC

10. প্রমাণ কর একটি বৃত্তস্থ চতুর্ভুজের কোন একটি বাহুকে বর্ধিত করলে যে বহিঃস্থ কোনটি উৎপন্ন হয় তা অন্তঃস্থ বিপরীত কোণের সমান হয়।

11. বৃত্তের পরিলিখিত সামান্তরিক একটি রম্বস প্রমাণ কর ।

12. O কেন্দ্রীয় বৃত্তের পরিলিখিত চতুর্ভুজABCD হলে প্রমাণ কর যে AB+CD= BC+DA

13. একটি বৃত্তস্থ চতুর্ভুজ ABCD অঙ্কন করো।বর্ধিতAB ও DC বাহুদ্বয় পরস্পরকে P বিন্দুতে ছেদ করলে প্রমাণ কর যে PA.PB=PC.PD

14. O কেন্দ্রীয় বৃত্তের ব্যাস AB।বৃত্তের উপরিস্থিত কোন বিন্দু P থেকে বাসের উপর একটি লম্ব অঙ্কন করলে যা AB কে N বিন্দুতে ছেদ করে প্রমাণ কর যে $PB^2$=AB.AN

15. ABC ত্রিভুজের কোন A সমকোণ। CD মধ্যমা হলে প্রমাণ কর যে$BC^2=CD^2+3AD^2$

16. একটি ত্রিভুজ অঙ্কন কর যার ভূমি ভূমি 7cm এবং ভূমি সংলগ্ন কোনদুটি 75° ও 45° ।ওই ত্রিভুজের পরিবৃত্ত অঙ্কন কর।

17. জ্যামিতিক উপায়ে $2\sqrt{7}$ মান নির্ণয় কর।

18. 7সেমি ,6সেমি ও 3সেমি বাহু বিশিষ্ট একটি ত্রিভুজ অঙ্কন কর। ওই ত্রিভুজের সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি বর্গক্ষেত্র অঙ্কন কর।

**পরিমিতি**

1. গ্রামের আয়তক্ষেত্রকার মাঠের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 20 মিটার ও 15 মিটার।ওই মাঠের ভিতরে চারটি কোণে পিলার বসানোর জন্য 4 মিটার দৈর্ঘ্যবিশিষ্ট চারটি ঘনকাকৃতি গর্ত কেটে অপসারিত মাটি অবশিষ্ট জমির ওপর ছড়িয়ে দেয়া হলো। মাঠের তলের উচ্চতা কতটা বৃদ্ধি পেল হিসেব করে বল.

2. ঘনকাকৃতি একটি সম্পূর্ণ জলপূর্ণ চৌবাচ্চা থেকে সমান মাপে 64 বালতি জল তুলে নিলে চৌবাচ্চাটির 1/3 অংশ জলপূর্ণ থাকে। চৌবাচ্চাটির একটি ধারের দৈর্ঘ্য1.2 মিটার হলে, প্রতিটি বালতিতে কত লিটার জল ধরে তা নির্ণয় কর।

3. একটি লম্ব বৃত্তাকার ফাঁপা চোঙের বহির্বাসের দৈর্ঘ্য 16 সেমি এবং অন্তব্যাসের দৈর্ঘ্য 12 সেমি। চোঙটির উচ্চতা 36 সেমি। চঙটিকে গলিয়ে 2 সেমি দৈর্ঘ্যের ব্যাস বিশিষ্ট এবং 6 সেমি দৈর্ঘ্যের কতগুলি নিরেট চোঙ তৈরি করা যাবে হিসেব করে বল।

4. স্টিলের পাতলা চাদর দিয়ে তৈরি ঢাকনা সমেত একটি ড্রামের ভূমির ব্যাসের দৈর্ঘ্য 4.2 ডেসিমি, যদি ড্রামটি তৈরি করতে112.20 বর্গ ডেসিমি চাদর লাগে, তবে ড্রামটির উচ্চতা কত হবে? এক বর্গ মিটার স্টিলের দাম 25 টাকা হলে ড্রামটি তৈরি করতে কত খরচ হবে হিসাব করে বল।

5. 1 সেমি ও 6 সেমি দৈর্ঘ্যের ব্যাসার্ধ বিশিষ্ট দুটি নিরেট গোলককে গলিয়ে 1 সেমি পুরু ফাঁপা গোলকে পরিণত করা হলে নতুন গোলকটির বাইরের বক্রতলের ক্ষেত্রফল কত?

6. একটি ধাতব গোলকের উপরিতল এমনভাবে কেটে নেওয়া হল যে নূতন গোলকের বক্রতলের ক্ষেত্রফল আগের গোলকের ঠিক অর্ধেক হয় ।কেটে নেওয়া অংশের আয়তনের সঙ্গে অবশিষ্ট নতুন গোলকের আয়তনের অনুপাত নির্ণয় কর। 7. কোন লম্ব বৃত্তাকার শঙ্কুর উচ্চতা h,অর্ধ শীর্ষ কোণ a ও আয়তন V হলে প্রমাণ কর $V=1/3\Pi h^3\tan^2 a$ ।

8. দুটি লম্ব বৃত্তাকার শঙ্কুর উচ্চতার অনুপাত 2:3 এবং তাদের ব্যাসার্ধের দৈর্ঘ্যের অনুপাত 3:5 হয় ,তবে শঙ্কুদুটির আয়তনের অনুপাত কত?

9. একটি নিরেট গোলক ও একটি নিরেট লম্ব বৃত্তাকার চোঙের ব্যাসার্ধের দৈর্ঘ্য সমান ও তাদের ঘনফল সমান হলে, লম্ব বৃত্তাকার চোঙটির ব্যাসার্ধের দৈর্ঘ্য ও উচ্চতার অনুপাত হিসেব করে লেখ।

10. 21ডেসিমি দীর্ঘ,11 ডেসিমি প্রস্থ ও 6 ডেসিমি গভীর একটি চৌবাচ্চা অর্ধেক জলপূর্ণ আছে ।এখন ওই চৌবাচ্চায় যদি 21 সেমি দৈর্ঘ্যের ব্যাসের 100 টি লোহারগোলক সম্পূর্ণ ডুবিয়ে দেয়া হয়, তবে জলতল কত ডেসিমি উঠবে তা নির্ণয় করে বল।

**ত্রিকোণমিতি**

1. দেখাও যে $(\tan x+\sec x-)^2=(1-\sin x)/(1+\sin x)$

2. $x\sin^2 60°\cos^2 30° = (\tan45°\sec60°)/\mathrm{cosec}60°$ হলে,x এর মান কত?

3. (secp+tanp)/ (secp−tanp)=7 হলে sinp -র মান কত?

4. একটি বাড়ির ছাদ থেকে দেখলে মনুমেন্টের চূড়ার উন্নতি কোণ60° ও গোড়ার অবনতি কোণ 30°।বাড়িটির উচ্চতা 16 মিটার হলে মনুমেন্টের উচ্চতা কত?

5. মাঠের মাঝখানে দাঁড়িয়ে ভোম্বল একটি উড়ন্ত পাখিকে উত্তর দিকে30° উন্নতি কোণে এবং দু মিনিট পরে দক্ষিণ দিকে 60° উন্নতি কোণে দেখতে পেল। পাখিটি যদি সরলরেখা বরাবর $50\sqrt{3}$ মিটার উঁচুতে উঠতে থাকে ,তবে তার গতিবেগ কিলোমিটার/ঘন্টায় নির্ণয় কর। 6. সূর্যের উন্নতি কোণ 45° থেকে 60°-তে পরিবর্তিত হয়, তখন একটি টেলিগ্রাফ স্তম্ভের ছায়ার দৈর্ঘ্য 4 মিটার পরিবর্তিত হয়। উন্নতি কোণ যখন 30°হয় ,তখন ওই টেলিগ্রাফ স্তম্ভের ছায়ার দৈর্ঘ্য নির্ণয় কর।

**রাশিবিজ্ঞান**

এই অংশে মূলত মধ্যমা, গড় মান,ওজাইভ ও সংখ্যাগুরু মান সংক্রান্ত প্রশ্নগুলি- প্রত্যেকটি বিভাগ থেকে একটি করে সমস্যা চিহ্নিত করে ভালোভাবে অভ্যাস করবে । তার ফলেই তুমি কমন পেয়ে যাবে।



# শিশুর অটিজম শনাক্ত করবে কৃত্রিম বুদ্ধিমত্তা



**আপনজন ডেস্ক:** মস্তিষ্কের বিকাশজনিত সমস্যা অটিজম। এ সমস্যা শিশুদের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে প্রকাশ পেতে থাকে। আর তাই শুরুতেই শনাক্ত করা না গেলে অটিজমের মাত্রা গুরুতর আকার ধারণ করে। কিন্তু অনেক মা-বাবাই অটিজমের প্রাথমিক উপসর্গগুলো শনাক্ত করতে না পারায় শিশুদের স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা সম্ভব হয় না। এ সমস্যার সমাধান দেবে এআই প্রযুক্তি। নতুন এক গবেষণায় দেখা গেছে, শিশুদের চোখের ছবি স্ক্যান করে প্রায় শতভাগ নির্ভুলভাবে অটিজম শনাক্ত করতে পেরেছে কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তি।

অটিজম শনাক্ত করতে সক্ষম এআই টুলটি তৈরি করেছেন দক্ষিণ কোরিয়ার সিউলে অবস্থিত ইয়নসেই বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক। শিশুদের চোখের রেটিনার ছবি পর্যালোচনায় সক্ষম অ্যালগরিদম ব্যবহার করা হয়েছে এআই টুলটিতে। টুলটির কার্যকারিতা পরখ করার জন্য ৯৫৮ জন শিশুর ওপর গবেষণা চালানো হয় যাদের অর্ধেকেই ছিল অটিজম আক্রান্ত। গবেষণায় দেখা যায়, এআই টুলটি নির্ভুলভাবে শিশুদের অটিজম শনাক্ত করতে পেরেছে। গবেষণার এ ফলাফল চিকিত্সাবিষয়ক সাময়িকী জেএএমএ নেটওয়ার্কে প্রকাশিত হয়েছে। তবে বিশেষজ্ঞরা বলছেন, এখনই এই টুলটি থেকে প্রাপ্ত ফলাফলের ওপর শতভাগ নির্ভর করার সময় আসেনি। এআই টুলটিকে ডায়াগনস্টিক টুল হিসেবে বিবেচনা না করে অটিজম শনাক্তের সম্ভাব্য একটি স্ক্রিনিং পদ্ধতি হিসেবে বিবেচনা করা যেতে পারে। উল্লেখ্য, সময়মতো অটিজম শনাক্ত না হওয়ায় প্রাথমিক পর্যায়ের চিকিত্সা থেকে বঞ্চিত হয় অনেক শিশু। নতুন এআই টুলটির মাধ্যমে শিশুদের অটিজম একেবারে প্রাথমিক পর্যায় থেকেই শনাক্ত করা সম্ভব হওয়ায় প্রতি বছর লাখ লাখ শিশুকে সময়মতো প্রয়োজনীয় চিকিত্সা দেওয়া সম্ভব হবে বলে ধারণা করা হচ্ছে।

টপ গেজেট

# যে কারণে ৯০ শতাংশ মানুষই ডানহাতি, গবেষণায় উঠে এল তথ্য



**আপনজন ডেস্ক:** বিশ্বের জনসংখ্যার মাত্র ১০ ভাগ মানুষ বাঁহাতি অর্থাৎ ৯০ শতাংশ মানুষ ডানহাতি। পরিসংখ্যান বলছে, দেশ-জাতিভেদে মানুষের মধ্যে নানা অমিল থাকলেও এ বিষয়ে মিল খুঁজে পাওয়া যায়।

অন্যান্য প্রজাতির তুলনায় মানুষের মধ্যে ডানহাতির সংখ্যা বেশি। মানুষ বিভিন্ন টুল বা সরঞ্জাম ব্যবহারে পারদর্শী ও অন্যান্য প্রজাতির তুলনায় বেশি সামাজিক হওয়ার কারণে এই সংখ্যা বেশি বলে বিজ্ঞানীরা ধারণা করেন।

বিজ্ঞানীরা ২০ লাখ বছর আগে প্রাচীন যুগে পাওয়া পাথরের হাতিয়ারগুলো পর্যবেক্ষণ করে দেখেন, এগুলো ডান বা বাঁহাতের জন্য বিশেষভাবে তৈরি করা হয়নি। তবে কোনো গোষ্ঠী যদি যেকোনো নির্দিষ্ট হাতে টুলগুলো ব্যবহারে পারদর্শী হয়, তাহলে তারা একে অপরের টুল ব্যবহারের সুযোগ পাবে। প্রতিকূল পরিবেশে বেঁচে থাকার জন্য যা একটি বড় সুবিধা। আবার ১৫ লাখ বছর আগের হাতিয়ারগুলো দেখে বোঝা যায়, সেগুলো ডানহাতি মানুষের ব্যবহারের জন্য তৈরি করা হয়েছে। তবে বাঁ হাতের পরিবর্তে প্রাচীন যুগের মানুষ বেশিরভাগ কাজের জন্য কেন ডান হাতকেই নির্বাচন করেছিল, তা স্পষ্ট নয়। হয়তো মানুষের ব্রেইনের মোটর নিয়ন্ত্রণ এর মধ্যেই ডান হাতের জন্য বিশেষায়িত হয়ে গেছে। তাই প্রজন্মের পর প্রজন্মে বেশিরভাগ কাজের জন্য মানুষের ডান হাতের ব্যবহারের অভ্যাস থেকে গেছে। আবার যুদ্ধের সময় বাঁহাতিরা সুবিধা পায়। তাই হয়তো কিছু মানুষের বাঁ হাতের ব্যবহারের অভ্যাস রয়েছে। আধুনিক যুগে টেনিসের মতো খেলার ক্ষেত্রেও বিষয়টি দেখা যায়। পেশাদার খেলোয়াড়দের মধ্যে বাঁহাতি বেশি। অন্য পশুপাখিদের বেলায়ও শরীরের একদিক অন্যদিকের তুলনায় বেশি ব্যবহার করতে দেখা যায়। ১০টি শিম্পাঞ্জির মধ্যে ৭টিই ডানহাতি। তবে বেশিরভাগ ক্যাঙারু বাঁহাতি। বিড়াল ডানহাতি ও বিড়ালী বাঁহাতি।

# মাইক্রোসফটের এক সিদ্ধান্তে অচল হওয়ার ঝুঁকিতে ২৪ কোটি কম্পিউটার



**আপনজন ডেস্ক:** উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেমে সমর্থন বন্ধ করে দেওয়ার পরিকল্পনা করেছে মাইক্রোসফট। এই পরিকল্পনা বাস্তবায়িত হলে প্রায় ২৪ কোটি পার্সোনাল কম্পিউটারকে ভাগাড় পাঠাতে হবে বলে উঠে এসেছে গবেষণায়। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে এ তথ্য জানা যায়।

বাজার বিশ্লেষক প্রতিষ্ঠান ক্যানালিস রিসার্চের এ গবেষণা অনুসারে, এসব পিসি থেকে উৎপন্ন ইলেকট্রনিক বর্জ্যের আনুমানিক ওজন ৪৮ কোটি কেজি, যা ৩ লাখ ২০ হাজার গাড়ির সমান। অনেক পিসিতে অপারেটিং সিস্টেমটির সমর্থন বন্ধ করার পর বেশ কয়েক বছর কার্যকারিতা ধরে রাখার সক্ষমতা থাকলেও ক্যানালিস সতর্কবার্তা দিয়েছে, সিকিউরিটি আপডেট না আসার কারণে ওইসব কম্পিউটারের চাহিদা কমে যেতে পারে।

উইন্ডোজ ১০ বন্ধ হয়ে গেলেও যে যে কম্পিউটার বা ল্যাপটপে তা আছে, সেগুলো বন্ধ হয়ে যাবে না সাথে সাথে। তবে সেই কম্পিউটারে সিকিউরিটি আপডেট আসবে না। এই আবহে ক্রমেই এই ডিভাইসগুলো বাতিলের খাতায় নাম লেখাবে।

জানা গেছে, মাইক্রোসফট ২০২৮ সালের অক্টোবর পর্যন্ত উইন্ডোজ ১০ ডিভাইসে সিকিউরিটি আপডেট দেবে নির্দিষ্ট চার্জের বিনিময়ে। তবে তারপরে তারা এই সব কম্পিউটার বা ল্যাপটপে আর সিকিউরিটি আপডেট দেবে না।

চারবছর ধরে সিকিউরিটি আপডেটের জন্য যা খরচ করতে হবে, সেই টাকার সাথে আরও কিছুটা যোগ করলে হয়ত নতুন ডিভাইসও কিনে ফেলা যাবে। এই আবহে আগামী ৪ বছরে অনেকেই নতুন কম্পিউটার বা ল্যাপটপ কেনার দিকে ঝুঁকবে।

এদিকে ২০২৮ সালের অক্টোবর পর্যন্ত সিকিউরিটি আপডেট জারি থাকলেও ২০২৫ সালের অক্টোবরের মধ্যেই উইন্ডোজ ১০-এর 'সাপোর্ট' বন্ধের পরিকল্পনা করছে মাইক্রোসফট। পরবর্তী অপারেটিং সিস্টেমটি আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স প্রযুক্তিতে তৈরি হতে পারে।

অন লাইন

# দিনে কতটুকু হেঁটেছেন জানাবে স্মার্টফোন



**আপনজন ডেস্ক:** অনেকে শরীরচর্চার সঙ্গে হাঁটতে পছন্দ করেন। শুধু ফিটনেসের জন্য নয়, বিভিন্ন রোগে ভুগছেন তেমন রোগীদের হাঁটার পরার্মশ দেন চিকিৎসকেরা। যেমন ডায়বেটিস, হাই-ব্লাড প্রেশারের রোগীদের নিদিষ্ট সময় হাঁটা স্বাস্থ্যের জন্য ভালো। তাই কত কদম হাঁটলেন বা কত দূরত্ব অতিক্রম করলেন তা জানা খুব জরুরি। সেক্ষেত্রে স্মার্টফোনে এখন স্টেপ কাউন্টার আছে, যেখানে প্রতিদিন কত কদম হাঁটলেন সেটা দেখা যায়। পাশাপাশি স্মার্ট ঘড়ি ও ফিটনেস ব্যান্ডের মাধ্যমেও এসব তথ্য জানা যায়।

প্লে স্টোরের নতুন আপডেটপ্লে স্টোরের নতুন আপডেট

কত কদম হাঁটলেন তা জানার জন্য প্রথমে গুগল প্লে স্টোর থেকে 'ফিটবিট' অ্যাপ নামিয়ে (ডাউনলোড) স্মার্টফোনে ইন্সটল করতে হবে। এরপর গুগল অ্যাকাউন্টের মাধ্যমে অ্যাপটিতে প্রবেশ করে 'কন্টিনিউ অ্যাজ এ নিউ ইউজার' অপশন নির্বাচন করে বিভিন্ন ধাপ অনুসরণের পর 'অ্যাগ্রি' বাটনে ক্লিক করতে হবে। এবার নিজের দেহের উচ্চতা এবং ওজনের তথ্য যুক্ত করে অ্যাকাউন্ট সেটআপ করার পর তথ্য সংগ্রহের জন্য বিভিন্ন যন্ত্র যুক্ত করার অপশন দেখা যাবে। সেখানে 'অ্যাড ফোন' অপশন নির্বাচন করলে ব্যবহৃত স্মার্টফোনটি অ্যাপের সঙ্গে যুক্ত হয়ে যাবে।

ছুটিতে থেকে জিমেইল থেকে স্বয়ংক্রিয় মেইলছুটিতে থেকে জিমেইল থেকে স্বয়ংক্রিয় মেইল

স্মার্টফোনের বিভিন্ন যন্ত্রাংশের মাধ্যমে তথ্য সংগ্রহের অনুমতি দেওয়ার জন্য 'কন্টিনিউ' বাটনে ট্যাপ করে 'আই অ্যাগ্রি' এবং 'অ্যালাউ' অপশনে ক্লিক করতে হবে। এবার পরের পেজে থাকা 'ইউ আর রেডি টু গো' বার্তার নিচে থাকা 'ডান' বাটনে ক্লিক করলেই ব্যবহারকারীর শরীরচর্চার বিভিন্ন তথ্য সংগ্রহ করবে ফিটবিট অ্যাপটি। ফলে পরবর্তী সময়ে হাঁটলেই কত কদম বা কত দূরত্ব হাঁটা হয়েছে তা জানা যাবে। শুধু তা-ই নয়, হাঁটার কারণে কত ক্যালরি খরচ হয়েছে, সে তথ্যও জানা যাবে।

# হীরার চেয়েও কঠিন বস্তু আবিষ্কার!



**আপনজন ডেস্ক:** কঠিনত্বের দিক থেকে হীরার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে পারে, এমন এক বস্তুর খোঁজ মিলেছে গবেষণাগারে। এ বিষয়ে সংশ্লিষ্ট গবেষকদের দাবি, এই বস্তুকে কোনোভাবেই ভাঙা যাবে না। নতুন এই বস্তু মোটরগাড়ি ও নভোযানের প্রতিরক্ষামূলক আবরণ তৈরিতে কাজে লাগানো যাবে বলে দাবি করেছেন বিজ্ঞানীরা।

এত দিন বোরন নাইট্রাইড ও সিলিকন কার্বাইড ছিল ল্যাবে তৈরি করা সবচেয়ে কঠিন পদার্থ। এসব যৌগ হীরার চেয়েও ১৮ শতাংশ কঠিন। কাগজে-কলমে তাদের চেয়ে কঠিন যৌগ হিসেবে আলোচিত ছিল কার্বন নাইট্রাইড। কয়েক দশক ধরে এমন বস্তু তৈরিতে কাজ করছেন বিজ্ঞানীরা। নতুন বস্তুটি হীরার সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতে সক্ষম বলেই দাবি করা হচ্ছে। কার্বন ও নাইট্রোজেনকে চরম তাপ ও চাপে রাখলে ঘন বোরন নাইট্রাইডের চেয়ে শক্ত আকার ধারণ করে কার্বন নাইট্রাইড নামক উপাদানটি। হীরার পরে দ্বিতীয় কঠিনতম উপাদান হিসেবে আলোচিত বোরন নাইট্রাইড।

অ্যাডভান্সড ম্যাটেরিয়ালস জার্নালে প্রকাশিত নতুন গবেষণায় বিশ্বের সবচেয়ে কঠিনতম বস্তু হিসেবে নতুন এই বস্তু নিয়ে একটি গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। গবেষকরা জানিয়েছেন, নতুন যুগান্তকারী পদার্থটি গাড়ি ও নভোযানের প্রতিরক্ষামূলক আবরণ, উচ্চ-সহনশীল সরঞ্জাম, সৌরবিদ্যুৎ প্যানেল, ফটোডিটেক্টরসহ নানা শিল্পে ব্যবহারের জন্য নতুন উপকরণ তৈরির সুযোগ সৃষ্টি করবে।

এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ফর কনডেন্সড ম্যাটার ফিজিকস অ্যান্ড কমপ্লেক্স সিস্টেমসের বিজ্ঞানী ডমিনিক ল্যানিয়েল বলেন, নতুন কার্বন নাইট্রাইড উপাদান প্রথম আবিষ্কারের পর নতুন উপাদান তৈরি করতে অনেক প্রচেষ্টা ছিল। গবেষকেরা তিন দশক ধরে অনেক কাজ করেছেন। উচ্চ চাপের মাধ্যমে তৈরি নতুন এই যৌগ তিন দশকের পরিশ্রম বাস্তবে পরিণত করেছে।

সাম্প্রতিক গবেষণায় নতুন পদ্ধতি ব্যবহার করেছেন এডিনবার্গ বিশ্ববিদ্যালয়ের গবেষকরা। বিভিন্ন ধরনের কার্বন নাইট্রোজেনের পূর্বসূরি যেমন গুয়ানিডিন হাইড্রোক্লোরাইড (এইচ), থিওরিয়া (টি) এবং ইউরিয়াকে (ইউ) নিয়ে গবেষণা করেন তারা।

এসব উপাদান ৭০ থেকে ১৩৫ গিগাপ্যাসকেলের চাপের মধ্যে রাখা যায়। এই চাপ আমাদের বায়ুমণ্ডলীয় চাপের প্রায় ১ মিলিয়ন গুণ বেশি। এসব পদার্থ ১৫০০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় গরম করা হয়। এরপর বিভিন্ন যৌগের পারমাণবিক বিন্যাস বিশ্লেষণ করা হয়।

দেখা গেছে, এ তিনটি যৌগ পদার্থের উচ্চ শক্তির ঘনত্ব আছে। অল্প পরিমাণে ভরের মধ্যে প্রচুর পরিমাণে শক্তি ঘনীভূত হয়। এই যৌগগুলোর সম্ভাব্য ব্যবহার হীরার প্রতিদ্বন্দ্বী বা বিকল্প হতে পারে। বিজ্ঞানী ডমিনিক ল্যানিয়েল বলেন, নতুন এই যৌগ উচ্চ চাপ সহনশীল। শক্তিশালী পদার্থ হিসেবে হীরার বিকল্পে ব্যবহার করা যাবে।

# হোয়াটসঅ্যাপে আসছে অ্যালবাম ফিচার




**আপনজন ডেস্ক:** মেসেজিং অ্যাপ হোয়াটসঅ্যাপে একটি দুর্দান্ত ফিচার আসতে চলেছে। নতুন ফিচারটি হোয়াটসঅ্যাপ চ্যানেলে পাওয়া যাবে। এই ফিচারের মাধ্যমে হোয়াটসঅ্যাপ চ্যানেলে অটোমেটিক অ্যালবাম তৈরি হয়ে যাবে। অটোমেটিক অ্যালবাম ক্রিয়েশন নামের এই ফিচারটি সেইসব ব্যবহারকারীদের কাজে আসতে পারে, যাদের নিজস্ব হোয়াটসঅ্যাপ চ্যানেল রয়েছে। এই ফিচারটি আসার পরে যারা হোয়াটসঅ্যাপ চ্যানেল চালাচ্ছেন তারা মিডিয়া ফাইলগুলোকে সহজভাবে স্টোর করতে পারবেন। এই ফিচারের সবচেয়ে বড় সুবিধা হলো যে চ্যানেলে শেয়ার করা ফটো-ভিডিও তার একটি অ্যালবামে স্টোর করতে পারবেন। বর্তমানে ফিচারটি বেটা সংস্করণে পরীক্ষা চলছে। সকলের জন্য কবে এটি উন্মুক্ত হবে সেটি জানা যায়নি।

# ২০২৪ সালে যেসব রোগ নিয়ে আশঙ্কা করছেন বিল গেটস



**আপনজন ডেস্ক:** বিশ্বের নানা প্রান্তের বিজ্ঞান ও উদ্ভাবনসংক্রান্ত গবেষণার বিষয়ে নিয়মিত খোঁজখবর রাখেন মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটস। নতুন উদ্ভাবন বিষয়ে নিজের মতামত তুলে ধরার পাশাপাশি বিশ্বের বিভিন্ন সমস্যা ও ভবিষ্যৎ প্রযুক্তির গতিপ্রকৃতি কেমন হবে, তা-ও নিজের ব্লগসাইট 'গেটস নোটস'-এ প্রকাশ করেন তিনি। সম্প্রতি চলতি বছরের অর্জন আর আগামী বছরের গতিপ্রকৃত নিয়ে লিখেছেন তিনি। পাঠকদের জন্য লেখাটি ধারাবাহিকভাবে সংক্ষিপ্ত আকারে তুলে ধরা হলো। গতকাল 'এআই' নিয়ে বিল গেটসের ভাবনা প্রকাশিত হয়েছিল। আজ রইলো দ্বিতীয় পর্ব-

আশা জলবায়ু নিয়ে

আমি বিশ্বের জলবায়ু অগ্রগতি সম্পর্কে বেশ আশাবাদী। আমরা জলবায়ু ও শক্তি নিয়ে কাজ করছি ব্রেকথ্রু এনার্জি নামের প্রতিষ্ঠানের মাধ্যমে। গেটস ফাউন্ডেশন নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলোর মানুষকে উষ্ণ পৃথিবীর সঙ্গে খাপ খাইয়ে নিতে সাহায্য করছে। আমি আলঝেইমার রোগের মতো অন্যান্য ক্ষেত্রেও ব্যক্তিগতভাবে গবেষণার জন্য তহবিল দিচ্ছি। আমি এখনো মাইক্রোসফটকে পরামর্শ দিতে পারি। সামনে কী আসছে আর তা কীভাবে বিশ্বকে আরও ন্যায়সংগত জায়গা করে তুলতে ব্যবহার করা যেতে পারে, সে সম্পর্কে আমি জানতে পারি।

আমার কাজ সর্বদা একটি মূল আদর্শের ওপর কেন্দ্রীভূত, উদ্ভাবনই অগ্রগতির চাবিকাঠি। এ কারণেই আমি মাইক্রোসফট শুরু করেছিলাম। এ কারণেই মেলিন্ডা ও আমি গেটস ফাউন্ডেশন শুরু করেছি দুই দশকেরও বেশি আগে। উদ্ভাবনের কারণেই গত শতাব্দীতে আমাদের জীবনে অনেক উন্নতি হয়েছে। বিদ্যুৎ ও গাড়ি থেকে শুরু করে ওষুধ ও উড়োজাহাজের মতো উদ্ভাবন বিশ্বকে উন্নত করেছে। আজ প্রযুক্তি বিপ্লবের কারণে আমরা অনেক বেশি উৎপাদনশীল। সবচেয়ে সফল অর্থনীতির দেশগুলো উদ্ভাবনী শিল্পনির্ভর, আর তাই পরিবর্তিত বিশ্বের চাহিদা মেটাতে কাজ করছে তারা।

এইডস, যক্ষ্মা ও ম্যালেরিয়ার বিরুদ্ধে কাজ করতে হবে

আমার প্রিয় উদ্ভাবনের গল্পের শুরু হয় আমার প্রিয় একটি পরিসংখ্যান দিয়ে। ২০০০ সাল থেকে বিশ্বে পাঁচ বছর বয়সের আগে শিশুমৃত্যুর হার অর্ধেকে কমে এসেছে। আমরা তা করতে পেরেছিলাম আসলে উদ্ভাবনের কারণেই। বিজ্ঞানীরা ভ্যাকসিন তৈরির নতুন উপায় নিয়ে কাজ করছেন, যা দ্রুত ও সস্তা আর খুবই নিরাপদ। বিজ্ঞানীরা নতুন ডেলিভারি মেকানিজম তৈরি করেছেন, যা বিশ্বের সবচেয়ে দূরবর্তী স্থানেও কাজ করে। বেশি বাচ্চাদের কাছে ভ্যাকসিন পৌঁছানো সম্ভব হয়েছে। নতুন ভ্যাকসিন শিশুদের রোটাভাইরাসের মতো মারাত্মক রোগ থেকে রক্ষা করছে।

সীমিত সম্পদের এই বিশ্বে আপনাকে বেশি প্রভাব তৈরির উপায় খুঁজে বের করতে হবে। উদ্ভাবনের মাধ্যমে ১ ডলার খরচের বিপরীতে সর্বাধিক লাভের চাবিকাঠি পাওয়া যায়। কৃত্রিম বুদ্ধিমত্তা নতুন আবিষ্কারের হারকে দারুণ গতিতে ত্বরান্বিত করছে, যা আমরা আগে কখনো দেখিনি। এখন পর্যন্ত সবচেয়ে বড় প্রভাব দেখা যাচ্ছে নতুন ওষুধ তৈরির ক্ষেত্রে। নতুন ওষুধ আবিষ্কারের জন্য প্রচুর তথ্য প্রয়োজন হয়। এআই সেই প্রক্রিয়ায় দারুণ গতি দিতে পারে। কিছু প্রতিষ্ঠান ইতিমধ্যে এই উপায়ে ক্যানসারের নতুন ওষুধ তৈরির জন্য কাজ করছে। কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে স্বাস্থ্য সমস্যা মোকাবিলা করতে হবে। দরিদ্রদের প্রভাবিত করে এইডস, যক্ষ্মা ও ম্যালেরিয়ার মতো রোগের বিরুদ্ধে কাজ করতে হবে।

# ব্ল্যাক হোলের খোঁজে যান পাঠাচ্ছে ভারত



**আপনজন ডেস্ক:** ব্ল্যাক হোল বা কৃষ্ণগহ্বর নিয়ে গবেষণার জন্য যান পাঠাচ্ছে ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরো। নতুন বছরের ১ জানুয়ারি পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকল বা পিএসএলভি রকেটে চাপিয়ে এক্সপোস্যাট-কে পৃথিবীর নিম্ন কক্ষপথে পৌঁছে দেবে।

এতদিন মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা, ইউরোপিয়ান স্পেস এজেন্সি ব্ল্যাকহোল-এর খোঁজ দিত। প্রথমবারের মতো ইসরো তার অত্যাধুনিক রকেট পাঠাচ্ছে। সেখানে থেকেই নিউট্রন তারার জন্ম-মৃত্যু, কৃষ্ণগহ্বরদের শিকারপর্ব, মহাকর্ষীয় তরঙ্গের বিচ্ছুরণ দেখবে ইসরো-র স্যাটেলাইট। সেই সংক্রান্ত খবর পাঠাবে পৃথিবীতে।

এই মুহূর্তে সূর্যে অভিযান করছে সৌরযান আদিত্য এল-১। জানুয়ারির ৬ তারিখের মধ্যে তা সূর্য ও পৃথিবীর মাঝে ল্যাগরাঞ্জিয়ান পয়েন্টে গিয়ে পৌঁছবে। তারই মাঝে ব্ল্যাকহোল, নিউট্রন নক্ষত্রদের খবর আনতে মহাকাশে রকেট পাঠানোর প্রস্তুতি শুরু করে দিয়েছে ইসরো। মহাকাশবিজ্ঞানীরা বলছেন, এই নিউট্রন তারা বা নিউট্রন স্টারেরা ভর ও আকারে সূর্যের চেয়েও বহুগুণ বড় হয়। এদের প্রতিদ্বন্দ্বী ব্ল্যাকহোলদের মধ্যে অনেকেরই ভর সূর্যের ভরের চেয়ে প্রায় ২৩ গুণ বেশি।

# জিমেইলে স্প্যাম মেসেজ সমস্যা দূর করবে এআই




**আপনজন ডেস্ক:** এবার স্প্যাম মেসেজ থেকে মুক্তি দিতে ব্যবহারকারীদের জন্য নতুন ফিচার নিয়ে আসছে গুগল। নতুন এই ফিচারের নাম হতে পারে RETVec।

কৃত্রিম বুদ্ধিমত্তায় (এআই) সমৃদ্ধ এই ফিচার উন্মুক্ত হলে জিমেইল ব্যবহারকারীরা স্প্যাম যন্ত্রণা থেকে সহজেই মুক্তি পাবেন। নতুন ফিচারটি এআই প্রযুক্তি ব্যবহার করে তৈরি করা হয়েছে। যার সাহায্যে গুগল নিজেই যাবতীয় 'ভুয়া' ইমেইল শনাক্ত করে ব্লক করবে।

ব্যবহারকারীদের সরক্ষিত রাখতেই জিমেইল এমন উদ্যোগ নিয়েছে। এই ফিচারের মাধ্যমে স্প্যাম মেইল শনাক্ত করে ব্লক করলে গুগল ড্রাইভের স্টোরেজও বাড়বে। ব্যবহারকারীদের সুবিধার্থে ভাষার বাধ্যবাধকতাও দূর করা হচ্ছে। অর্থাৎ ব্যবহারকারীরা নিজের পছন্দের ভাষায় এই নতুন ফিচার ব্যবহার করতে পারবেন।

এছাড়াও জিমেইল ইনবক্সে জমে থাকা ম্যালিসিয়াস মেইলও শনাক্ত করবে নতুন ফিচারটি। এসব মেইল ইনবক্সে থাকা খুবই বিপজ্জনক। ভুলবশত লিঙ্কে ক্লিক করলে হারাতে পারেন অর্থ।

তাই প্রতারকদের খপ্পর থেকে বাঁচতে নতুন ফিচার কাজে লাগবে। তবে অবশ্যই আপনার ডিভাইসে গুগলের সর্বশেষ ভার্সন থাকতে হবে।

# মেসির সঙ্গে অবসরে যাবে আর্জেন্টিনার ১০ নম্বর জার্সি




**আপনজন ডেস্ক:** ২০২২ ফিফা ওয়ার্ল্ডকাপে ইতিহাস গড়ে আর্জেন্টিনা। লিওনেল মেসির হাত ধরে ৩৬ বছরের অপেক্ষার অবসান ঘটিয়ে তৃতীয় বিশ্বকাপ জেতে আলবিসেলেস্তেরা। আর্জেন্টাইন রূপকথার রচয়িতা মেসির সম্মানার্থে একটি সিদ্ধান্ত নিয়েছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)। এলএমটেনের অবসরের সঙ্গে সঙ্গে তার ১০ নম্বর জার্সিটি আজীবনের জন্য তুলে রাখবে আলবিসেলেস্তেরা। ফুটবলে ১০ নম্বর জার্সি অনন্য মাহাত্ম্য বহন করে। যুগে যুগে সব কিংবদন্তিরা- পেলে, দিয়েগো ম্যারাডোনা, লিওনেল মেসি, মিশেল প্লাতিনি, ফেরেঙ্ক পুসকাস, জিনেদিন জিদান, ইয়োহান ক্রুইফ, রোনালদিনহোর মতো ফুটবলাররা এই বিশেষ নম্বরখচিত জার্সি গায়ে আলো ছড়িয়েছেন। সাধারণত দলের মূল তারকাকেই এই জার্সি পরতে দেখা যায়। সেই সুবাদে দীর্ঘ সময় ধরে ১০ নম্বর জার্সি পরেই আর্জেন্টিনার প্রতিনিধিত্ব করছেন মেসি। ১৯৮৬ বিশ্বকাপের নায়ক দিয়েগো ম্যারাডোনার সম্মানেও ১০ নম্বর জার্সি তুলে রাখতে চেয়েছিল আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন। ২০০২ বিশ্বকাপ পরিকল্পনা বাস্তবায়ন করতে চেয়েছিল এএফএ।

তবে ফিফার নিয়ম তাতে বাধা হয়ে দাঁড়ায়। বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা অনুসারে, শীর্ষ টুর্নামেন্টে সব জাতীয় দলকে অবশ্যই ১ থেকে ২৩ এর মধ্যে জার্সি নম্বর ব্যবহার করতে হবে। সেই আসরে মিডফিল্ডার আরিয়েল ওরতেগা সেবার ১০ নম্বর জার্সি পরে মাঠে নামেন। এরপর আর্জেন্টিনার ১০ নম্বর জার্সির মালিক হন মেসি। আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশনের (এএফএ) সভাপতি ক্লদিও তাপিয়া বলেন, ‘মেসি যেদিন জাতীয় দল থেকে অবসর নেবে, আমরা আর কাউকে এরপর ১০ নম্বর জার্সি পরার অনুমতি দেব না। তার সম্মানে এই ১০ নম্বর জার্সিও আজীবনের জন্য অবসরে চলে যাবে। অন্তত এটুকু আমরা তার জন্য করতেই পারি।’ বিশ্বকাপ জয়ের আগে লিওনেল মেসির নেতৃত্বে ব্রাজিলকে হারিয়ে কোপা আমেরিকা জেতে আর্জেন্টিনা। ইতালিকে হারিয়ে হয় ফিনালিসিমা চ্যাম্পিয়ন। আন্তর্জাতিক অঙ্গনে তিন শিরোপা অধিনায়ক মেসি আর্জেন্টিনার হয়ে এখন পর্যন্ত ১৮০ ম্যাচ খেলে ১০৬টি গোল করেছেন।

# ওয়ানডে থেকে অবসরের ঘোষণা ওয়ার্নারের




**আপনজন ডেস্ক:** সিডনিতে পাকিস্তানের বিপক্ষে সিরিজে ক্যারিয়ারের শেষ টেস্ট খেলার অপেক্ষায় থাকা ডেভিড ওয়ার্নার জানিয়েছেন, ওয়ানডে ক্রিকেটও আর খেলবেন না। অস্ট্রেলিয়ার হয়ে শুধু টি-টোয়েন্টি চালিয়ে যাবেন। আজ সিডনিতে এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন। তবে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ) চাইলে ২০২৫ সালের চ্যাম্পিয়নস ট্রফিতে খেলবেন বলে জানিয়েছেন ওয়ার্নার। নয়তো ক্যারিয়ারের বাকি সময় আন্তর্জাতিক ও ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি নিয়েই ব্যস্ত থাকবেন। বুধবার সিডনিতে শুরু হতে যাওয়া অস্ট্রেলিয়া-পাকিস্তান সিরিজের তৃতীয় টেস্টই যে এই সংস্করণে তাঁর শেষ ম্যাচ, সেটি জানিয়েছিলেন আগেই। নতুন বছরের প্রথম দিন সিডনিতে আয়োজিত সংবাদ সম্মেলনে ওয়ার্নার শেষ বলে দিয়েছেন ৫০ ওভার ক্রিকেটকেও, ‘অবশ্যই আমি ওয়ানডে থেকেও অবসর নিচ্ছি। ব্যাপারটা আমি বিশ্বকাপজুড়েই বলে আসছিলাম। এর মধ্যেই ভারতের মাটিতে বিশ্বকাপ জিতলাম, যেটা অনেক বড় অর্জন। সুতরাং, আজ আমি দুটি সংস্করণ থেকেই অবসরের সিদ্ধান্ত নিচ্ছি, যা আমাকে বিশ্বজুড়ে লিগ খেলার এবং ওয়ানডে দলকে সামনে এগিয়ে যাওয়ার সুযোগ করে দেবে। আমি জানি সামনে চ্যাম্পিয়নস ট্রফি আছে। সামনের দুই বছর আমি যদি ভালো ক্রিকেট খেলি এবং দলের কাউকে দরকার হয়, আমি থাকব।’

২০২৫ সালে পাকিস্তানে হতে যাওয়া চ্যাম্পিয়নস ট্রফিতে যদি নাটকীয়ভাবে না ফেরেন, তাহলে ওয়ানডেতে ওয়ার্নারের সর্বশেষ ম্যাচ হয়ে থাকবে গত বছরের ১৯ নভেম্বর আহমেদাবাদের বিশ্বকাপ ফাইনাল। যে ফাইনালে ভারতকে হারিয়ে অস্ট্রেলিয়া জিতেছে নিজেদের ইতিহাসে ষষ্ঠ বিশ্বকাপ ট্রফি, ওয়ার্নার জিতেছেন দ্বিতীয়বার।

২০০৯ সালে ওয়ানডে ক্রিকেটে পা রাখা ওয়ার্নার এক যুগের বেশি সময়ে খেলেছেন ১৬১টি ওয়ানডে, যেখানে ৪৫.৩০ গড়ে করেছেন ৬ হাজার ৯৩২ রান। রানের দিক থেকে অস্ট্রেলিয়ার ষষ্ঠ সর্বোচ্চ রান সংগ্রাহক তিনি। এ সংস্করণে ২২টি শতক আছে তাঁর, এদিক থেকে অস্ট্রেলিয়ান ব্যাটসম্যানদের মধ্যে তিনি দ্বিতীয় (রিকি পন্টিংয়ের ৩০)।

অবসর ঘোষণার আগেই আগামী মাসে অস্ট্রেলিয়া-ওয়েস্ট ইন্ডিজের তিন ম্যাচ ওয়ানডে সিরিজ থেকে সরে গিয়েছিলেন ওয়ার্নার। ৩৭ বছর বয়সী এই ওপেনারের ওই সময়ে সংযুক্ত আরব আমিরাতের আইএল টি-টোয়েন্টিতে খেলার কথা। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে কমপক্ষে আগামী জুনে যুক্তরাষ্ট্র-ওয়েস্ট ইন্ডিজে হতে যাওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপ পর্যন্ত খেলে যাওয়ার কথাও জানিয়েছেন এরই মধ্যে।

# উইজডেনের বর্ষসেরা ওয়ানডে দলে ভারতের ৭, অস্ট্রেলিয়ার ২




**আপনজন ডেস্ক:** ২০২৩ সাল শুধু ওয়ানডে বিশ্বকাপের বছরই ছিল না, ইতিহাসের সবচেয়ে বেশি ওয়ানডের বছরও ছিল এটি। অক্টোবর-নভেম্বরে ভারতে হওয়া আসরটিকে কেন্দ্র করে বছরের শুরু থেকেই ওয়ানডে খেলেছে দলগুলো। সব মিলিয়ে এ বছরে ৫০ ওভারের ম্যাচ হয়েছে ২১৮টি, যা সর্বোচ্চ তো বটেই, ২০০ ওয়ানডেরও প্রথম বছর।

রেকর্ড ওয়ানডের বছরে উইজডেন বর্ষসেরা যে দলটি তৈরি করেছে, তাতে ১১ জনের ৭ জনই ভারতীয়। বিশ্বকাপ ফাইনালে অস্ট্রেলিয়ার কাছে হেরে গেলেও এর আগপর্যন্ত টানা ১০ ম্যাচে অপরাজিত ছিল রোহিত শর্মার দল। জিতেছে এশিয়া কাপ এবং ছয়টি দ্বিপক্ষীয় সিরিজের পাঁচটিই। বর্ষসেরা দলে দ্বিতীয় সর্বোচ্চ দুজন জায়গা পেয়েছেন অস্ট্রেলিয়া থেকে। আর নিউজিল্যান্ড ও দক্ষিণ আফ্রিকার আছেন একজন করে। অর্থাৎ বছরজুড়ে ওয়ানডে খেলা ২২ দলের ১৮টিরই কেউ নেই বর্ষসেরা দলে।

ক্রিকেটের বাইবেলখ্যাত উইজডেন তাদের ওয়েবসাইটে ২০২৩ সালের শেষ দিনে বর্ষসেরা ওয়ানডে দল ঘোষণা করেছে। এখানে খেলোয়াড় চূড়ান্ত হয়েছে উইজডেনের সম্পাদকীয় বিভাগে কর্মরতদের ভোটে। দলটির অধিনায়ক করা হয়েছে রোহিত শর্মাকে।

রোহিত শর্মা (অধিনায়ক), ভারত
ম্যাচ: ২৭, রান: ১২৫৫, গড়: ৫২.২৯

ট্রাভিস হেড, অস্ট্রেলিয়া
ম্যাচ: ১৩, রান: ৫৭০, গড়: ৫১.৮১

বিরাট কোহলি, ভারত
ম্যাচ: ২৭, রান: ১৩৭৭, গড়: ৭২.৪৭

ড্যারিল মিচেল, নিউজিল্যান্ড
ম্যাচ: ২৬, রান: ১২০৪, গড়: ৫২.৩৪

আইনরিখ ক্লাসেন, (উইকেটকিপার), দক্ষিণ আফ্রিকা
ম্যাচ: ২৪, রান: ৯২৭, গড়: ৪৬.৩৫

গ্লেন ম্যাক্সওয়েল, অস্ট্রেলিয়া
ম্যাচ: ১১, রান: ৪১৩, গড়: ৫১.৬২

রবীন্দ্র জাদেজা, ভারত
ম্যাচ: ২৬, উইকেট: ৩১, রান: ৩০৯

মোহাম্মদ শামি, ভারত
ম্যাচ: ১৯, উইকেট: ৪৩, ইকোনমি: ৫.৩২

যশপ্রীত বুমরা, ভারত
ম্যাচ: ১৭, উইকেট: ২৮, ইকোনমি: ৪.৪০

কুলদীপ যাদব, ভারত
ম্যাচ: ৩০, উইকেট: ৪৯, ইকোনমি: ৪.৬১

মোহাম্মদ সিরাজ, ভারত
ম্যাচ: ২৫, উইকেট: ৪৪,

# ঘোড় দৌড় প্রতিযোগিতা



**মাফরুজা মোল্লা● ক্যানিং**

**আপনজন ডেস্ক:** ঐতিহ্যবাহী ঘোড়দৌড় প্রতিযোগিতা বারুইপুরের। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থানার অন্তর্গত উত্তর বেলেগাছি গ্রামে সোমবার ঘোড় দৌড়প্রতিযোগিতা অনুষ্ঠি হয়। উত্তর বেলেগাছি ওয়েলফেয়ার সোসাইটি উদ্যোগে এই প্রতিযোগিতার আয়োজন। স্থানীয় সূত্রে খবর, বারুইপুর জয়নগর, কুলতলি, গোসাবা, রায়দিঘি, ক্যানিং, বাসন্তী-সহ অন্যান্য এলাকা থেকে প্রতিযোগীরা এসেছিলেন। মোট ৫০ টি ঘোড়া নিয়ে খেলায় অংশ নেয় প্রতিযোগীরা। এ, বি, সি; এই তিনটি গ্রুপ করে প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। খেলা শেষে ১, ২, ৩ স্থান অধিকারীদের পুরস্কৃত করা হয়। উল্লেখ্য, কালের বিবর্তনে হারিয়ে যাওয়া গ্রামবাংলার খেলাগুলো নতুন প্রজন্মের কাছে পরিচিত করাতেই এ প্রতিযোগিতার আয়োজন। আগামীতে এ আয়োজনের আরও প্রসার ঘটানো হবে। উপস্থিত ছিলেন বেলেগাছি গ্রাম পঞ্চায়েতের প্রধান নুরবানু মোল্লা ,উত্তর বেলেগাছি ওয়েলফেয়ার সোসাইটি,সভাপতি কারিম উল্লা মোল্লা,সম্পাদ রসিদআলী সর্দার সহ সদস্যরা।

# সলিডারিটি ইউথ মুভমেন্টের উদ্যোগে ক্রিকেট প্রতিযোগিতা



**সেখ আব্দুল আজিম● কুমিরমোড়া**

**আপনজন ডেস্ক:** সলিডারিটি ইউথ মুভমেন্ট প: ব: এর ভগবতীপুর-নবাবপুর - কুমিরমোড়া শাখার উদ্যোগে ও পরিচালনায় ২ দিন ব্যাপি ৮ দলীয় ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন করা হয় ৩০ ও ৩১ শে ডিসেম্বর ২০২৩,কুমিরমোড়া আর- কে- এ- এন হাই স্কুল মাঠে। এই প্রতিযোগিতায় ভগবতীপুর, নবাবপুর ও কুমীরমোড়া গ্রামের মোট ৮ টি টিম অংশগ্রহণ করে। সংগঠনের পক্ষ এই প্রতিযোগিতায় কোন দল এর থেকে এন্ট্রি ফি নেওয়া হয়নি এবং কোনো রকম ক্যাশ টাকা পুরষ্কার দেওয়া হয়নি। প্রথম দিনে উপস্থিত ছিলেন প্রধান অতিথি- সলিডারিটি ইয়ুথ মুভমেন্ট প: ব: এর রাজ্য সভাপতি ব্রাদার ওসমান গনি। এছাড়াও উপস্থিত ছিলেন জামায়াত এ ইসলামী হিন্দ এর ভগবতীপুর - নবাবপুর - কুমিরমোড়া শাখার আঞ্চলিক নাজিম - জনাব সেখ সাদিক আলি সাহেব ,জামায়াত এ ইসলামী হিন্দ এর হুগলি জেলার সমাজ সেবা বিভাগের দায়িত্বশীল - জনাব আশিক ইকবাল মল্লিক সাহেব, সলিডারিটি হুগলি জেলার জেলা সভাপতি ব্রাদার মোকাদ্দেরুল হক এবং সলিডারিটি ইউথ মুভমেন্ট ভগবতীপুর - নবাবপুর - কুমিরমোড়া শাখার সভাপতি ব্রাদার সেখ মাহমুদুর রহমান। পবিত্র কুরআন তেলাওয়াত (অর্থ সহ) এর মধ্য দিয়ে শুভ সূচনা হয়। এরপর সংগঠনের পতাকা উত্তোলন করেন ও প্রারম্ভিক বক্তব্য রাখেন ব্রাদার ওসমান গনি। প্রথম দিনে এলাকার জনসাধারণের ব্যাপক উচ্ছাস ও সহযোগিতা প্রশংসনীয়। দর্শকদের ভিড় ও ছিল চোখে পড়ার মতো।

# অনাপত্তিপত্র বাতিল, আফগান স্পিনার মুজিবকে পাচ্ছে না মেলবোর্ন রেনেগেডস



**আপনজন ডেস্ক:** বিগ ব্যাশে (বিবিএল) আগামীকাল ‘মেলবোর্ন ডার্বি’তে মেলবোর্ন স্টারসের মুখোমুখি হবে মেলবোর্ন রেনেগেডস। এই ম্যাচে আফগানিস্তানের তারকা স্পিনার মুজিব উর রেহমানকে স্কোয়াডে অন্তর্ভুক্ত করতে পারেনি মেলবোর্ন রেনেগেডস। কারণ হিসেবে ফ্র্যাঞ্চাইজি দলটি বিবৃতিতে জানিয়েছে, ‘তাঁর অনাপত্তিপত্রের শর্তাবলি পাল্টানো’র পর ম্যাচ থেকে ছিটকে পড়েছেন।

দেশের বাইরে ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট লিগ খেলায় মুজিব উর রেহমান, ফজলহক ফারুকি ও নাভিন-উল-হককে গত ২৬ ডিসেম্বর নিষেধাজ্ঞা দিয়েছিল আফগানিস্তান ক্রিকেট বোর্ড (এসিবি)। তখন বোর্ডের বিবৃতিতে বলা হয়েছিল, ‘আফগানিস্তানের হয়ে খেলার চেয়ে তাঁরা ব্যক্তিগত স্বার্থকে গুরুত্ব দিয়েছেন।’ ২০২৪ সালে এসিবির কেন্দ্রীয় চুক্তির বাইরে থাকার ইচ্ছা পোষণ করেছিলেন তিন ক্রিকেটার। এরপর এসিবি শাস্তি হিসেবে বিবৃতিতে জানায়, ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি লিগ খেলতে আগামী দুই বছর এই তিন ক্রিকেটারকে অনাপত্তিপত্র (এনওসি) দেওয়া হবে না। এর পাশাপাশি তাঁদের বর্তমান অনাপত্তিপত্রও বাতিল করা হয়।

রেনেগেডস এর আগে বিবৃতিতে জানিয়েছিল, ‘বিবিএলে মুজিবকে পাওয়া না-পাওয়া নিয়ে নতুন এমন কোনো বার্তা পাওয়া যায়নি, যে কারণে পূর্বের পরিকল্পনা পাল্টে যেতে পারে। বিবিএলের বাকি মৌসুম পর্যন্ত ক্লাব তাঁকে সমর্থন দিয়ে যাবে।’ আজ মেলবোর্ন রেনেগেডস নতুন বিবৃতিতে বলেছে, ‘তাঁর অনাপত্তিপত্রের শর্তাবলি পরিবর্তনের পর মুজিব উর রেহমানকে স্কোয়াড থেকে ছেঁটে ফেলা হয়েছে।’

নাভিন ও ফারুকি এসিবির সঙ্গে যোগাযোগ করেছিলেন পরে। এসিবি জানিয়েছে, তাঁরা আবারও দেশের প্রতিনিধিত্ব করার জোরালো ইচ্ছা ব্যক্ত করেছেন। দুই খেলোয়াড়কে এরপরই আরব আমিরাতের বিপক্ষে চলমান টি-টোয়েন্টি সিরিজে ১৮ সদস্যের স্কোয়াডে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু মুজিবের জায়গা হয়নি।

বিগ ব্যাশের এবারের মৌসুমে ছয় ম্যাচ খেলে মাত্র একটিতে জিতেছে পয়েন্ট তালিকার সাতে থাকা রেনেগেডস। গত ২৯ ডিসেম্বর অ্যাডিলেড স্ট্রাইকার্সের বিপক্ষে সে ম্যাচে ২০ রানে ৩ উইকেট নিয়ে জয়ে মুখ্য ভূমিকা রেখেছিলেন মুজিব। গত অক্টোবর-নভেম্বরে সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে আফগানিস্তানের হয়ে সর্বশেষ খেলেছেন মুজিব। আরব আমিরাতে এখন তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ খেলছে আফগানিস্তান। প্রথম ম্যাচ জিতলেও দ্বিতীয় ম্যাচে হেরেছে আফগানরা। আগামীকাল সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচ।

# মায়ের জন্মদিনে দামি গাড়ি উপহার রোনাল্ডোর



**আপনজন ডেস্ক:** ২০২৪ সালকে বরণ করে নিতে ‘থার্টি ফার্স্ট নাইট’ উদ্যাপন করেছে বিশ্ববাসী। তবে ২০২৩ সালের শেষ দিনটি ক্রিস্টিয়ানো রোনাল্ডোর জন্য বিশেষ ছিল অন্য কারণে। ৩১শে ডিসেম্বর পর্তুগিজ সুপারস্টারের মা মারিয়া দোলোরেস এভেইরোর জন্মদিন। রোববার মায়ের জন্মদিন পালন করতে সৌদি আরব থেকে পর্তুগালের মাদেইরা শহরে ছুটে যান সিআরসেভেন। জন্মদিনের উপহার হিসেবে মায়ের জন্য নিয়ে যান বিলাসবহুল গাড়ি। যা দেখে আবেগাপ্লুত হয়ে পড়েন রোনাল্ডোর মা দোলোরেস এভেইরো।

১৯৫৪ সালের ৩১শে ডিসেম্বর জন্মগ্রহণ করেন দোলোরেস এভেইরো। রোববার ৬৯ বছর বয়সে পদার্পণ করেন তিনি। জন্মদিনে মায়ের জন্য বিশ্ববিখ্যাত জার্মান গাড়ি প্রস্তুতকারক কোম্পানি পোরশার একটি গাড়ি উপহার দেন রোনাল্ডো। সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, বাড়ির গ্যারেজে পার্ক করা ছিল ব্র্যান্ড নিউ পোরশা গাড়িটি। উপহারের কাছে দাদী দোলোরেস এভেইরোকে ধরে নিয়ে আসেন রোনাল্ডোর বড় ছেলে ক্রিস্টিয়ানো রোনাল্ডো জুনিয়র। ছেলের উপহার দেখে আনন্দে কেঁদে ফেলেন সিআরসেভেনের মা। আবেগঘন সেই মুহূর্তের ছবি সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন ক্রিস্টিয়ানো রোনাল্ডোর বোন কাতিয়া এভেইরো।

শিরোনামে এই পর্তুগিজ




# সারা বাংলা ক্যারাম প্রতিযোগিতা



**সেখ রিয়াজুদ্দিন● বীরভূম**

**আপনজন ডেস্ক:** গত তিন দিন যাবত বীরভূম ক্যারাম এসোসিয়েশনের ব্যবস্থাপনায় অল বেঙ্গল স্টেট রাঙ্কিং স্টেজ টু কেরাম টুর্নামেন্ট ২০২৩-২৪ অনুষ্ঠিত হয় রামপুরহাট মহকুমার বরশাল হাই স্কুলে। রাজ্যের হুগলি, শিলিগুড়ি, পুরুলিয়া, হাওড়া, বীরভূম সহ বিভিন্ন জেলা থেকে প্রায় দেড় শতাধিক খেলোয়াড় ক্যারাম প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। বাংলার সব বড় বড় খেলোয়াড় যারা বিভিন্ন জায়গায় ক্যারাম খেলার সুবাদে চাকরি পেয়েছেন, কেউবা ন্যাশনাল টুর্নামেন্টে অংশগ্রহণ করেছেন। এরকম খেলোয়াড়রাও এখানের প্রতিযোগিতায় অংশগ্রহণ নেন। এই ক্যারাম জাতীয় এবং আন্তর্জাতিক স্তরেও খেলা হয়। এই ক্যারাম খেলে বহু লোক চাকরি পর্যন্ত পায়।এরকম চাকরি প্রাপ্ত ইনকাম ট্যাক্স,পোস্টাল ডিপার্টমেন্ট প্রভৃতি দপ্তরের কর্মীরা এখানকার ক্যারাম খেলায় অংশগ্রহণ করেছেন বলে জানান বীরভূম জেলা ক্যারাম অ্যাসোসিয়েশন এর সম্পাদক বদরুদ্দোজা সেখ। প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় সহ বিভিন্ন স্তরে স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয় এক মনোজ্ঞ অনুষ্ঠানের মাধ্যমে।পুরস্কার বিতরণী সভায় উপস্থিত ছিলেন রামপুরহাট মহকুমা শাসক সৌরভ পান্ডে, ক্যারাম অ্যাসোসিয়েশন এর রাজ্য সম্পাদক দিব্যেন্দু সিমলাই ও সভাপতি দেবাশীষ চৌধুরী,বড়শাল হাই স্কুলের প্রধান শিক্ষক শম্ভুনাথ চৌধুরী, জেলা ক্যারাম এসোসিয়েশনের সভাপতি রোজিনা খাতুন সহ বহু বিশিষ্ট ব্যক্তিবর্গ।

# বেলমুড়িতে প্রাক্তন ফুটবলারদের পুনর্মিলন



**শেখ সিরাজ● ধনিয়াখালি**

**আপনজন ডেস্ক:** ৩১ শে ডিসেম্বর হুগলি জেলার ধনিয়াখালি ব্লকের বেলমুড়ি শিবাজী ফুটবল মাঠে ‘বেলা অবেলার’ পরিচালনায় প্রাক্তন খেলোয়াড়দের পুনর্মিলন উৎসব আয়োজিত হলো। অতীত ফুটবলারদের সম্মান জানাতেই এই অনুষ্ঠান। অতীতের প্রখ্যাত দিকপাল ফুটবলার রনেন দাস জাতীয় পতাকা উত্তোলন করেন। এরপর বেলা অবেলার পতাকা উত্তোলন করেন ইষ্টানরেলের প্রখ্যাত ফুটবলার শ্যামল সিংহ রায়। উদ্বোধনী সঙ্গীত পরিবেশন করে শিশু শিল্পী সৃজনী বসু রায়। অনুষ্ঠানে বিশেষ সম্মান জ্ঞাপন করা হয় প্রখ্যাত প্রাক্তন ফুটবলার রনেন দাসকে। বেলমুড়ি শিবাজী ফুটবল ক্লাবে ৮ জন প্রাক্তন ফুটবলারকে স্মারক দিয়ে সন্বরধনা দেওয়া হয়। এরপর হুগলি জেলার উদীয়মান সঙ্গীত শিল্পী সৌরিমা বসু রায় কে বিশেষ সন্মান জানানো হয়। নৃত্য পরিবেশন করে প্রানভী ঘোষ ও সুতপা হেমব্রম। আর্টিস্টিক যোগা পরিবেশন করে সকলের মন জয় করে নেয় সৃজনী বসু রায়। উপস্থিত মহিলারা মিউজিক্যাল চেয়ারে অংশ গ্রহণ করে। এই অনুষ্ঠানে সন্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সাংবাদিক নৌশাদ মল্লিক এবং রনেন দাস (জর্জ টেলিগ্রাফ), শ্যামল সিংহ রায় (ইষ্টান রেল), দিলীপ ভান্ডারী (টালিগঞ্জ), উজ্জ্বল সাঁই (কলকাতা পুলিশ), লক্ষী মান্ডি (টাটা), সোমনাথ রায় (খিদিরপুর), পার্থ ব্যানাজ্জী (বাটা), অরুণ বাগ, চঞ্চল বসু রায়, বাসুদেব বাগ,গিরিধারী মুখার্জি, শঙ্করী মুখার্জি, অলোক দাস, অর্চিনাভ ঘোষ প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন সোমনাথ রায়। এই অনুষ্ঠানটিকে ঘিরে এলাকায় মানুষদের মধ্যে বিশেষ সাড়া পরে যায়।




মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: **জাইদুল হক।**
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**